ভাড়া, মুদির বিল, চাকর-বাকরের মাহিনা, ধোবার খরচা কিছুই চলিবে না?"

মিঃ ভেঞ্চার।—মাপ করিবেন মিসেস্ এলাইজা। আপনার ন্যায় স্ত্রী-রত্ন আমার ভাগ্যে জুটিলে, আমি আমার মাথাটি আপনার পদতলে লুটাইয়া দিতাম। আপনার মত স্ত্রীরত্ন পাওয়া খুব অল্প মানুষের ভাগ্যে ঘটিয়া থাকে।

মিসেস্ এলাইজা।—আমাকে মাপ করিবেন। মোহের ছায়া আমার কাছে ধরিবেন না। আমি বেশ সুখে আছি, ইহা অপেক্ষা সুখ আমার ভাগ্যে সম্ভব নয়।

মিঃ ভেঞ্চার।—আপনি স্ত্রীলোকদিগের মধ্যে দুর্লভ পদার্থ, সর্ব্বসময়েই স্বামীর মর্য্যাদা অক্ষুণ্ণ রাখিতে ব্যস্ত। আপনি ধন্যা, আপনার শিক্ষা-দীক্ষা ধন্য। আপনি নারীকুলের দুষ্প্রাপ্য পদ্মরাণী।

এই সময় হইতেই মিঃ ভেঞ্চার প্রায়ই এলাইজা-ভবনে আসিত এবং মিসেস্ এলাইজাকে সুখী করিবার জন্য বিশেষ ব্যস্ত থাকিত।

এক দিন মিসেস্ এলাইজার শরীর কিঞ্চিৎ অসুস্থ ছিল। তিনি বিছানায় শুইয়া আছেন, সেই সময়ে ভেঞ্চার সেইখানে আসিয়া উপস্থিত হইল। কথোপকথনে জ্ঞাত হইল, মিসেস্ এলাইজা অসুস্থ; তাহার হাত-পায়ে বেদনা অনুভব করিতেছেন। এই শুনিয়াই মিঃ ভেঞ্চার তাঁহার অসুস্থতার জন্য সহানুভূতি প্রকাশ করিল এবং মিসেস্ এলাইজার পা দুইটি নিজের পায়ের উপর রাখিয়া টিপিয়া দিতে লাগিল এবং বলিল, "আমার এক নিকট-আত্মীয় বড় ডাক্তার, তিনি আমাকে পুনঃ পুনঃ বুঝাইয়া দিয়াছেন যে, গা-পা কামড়াইলে, সেই স্থান টিপিয়া দিলে রোগী সুস্থ বোধ করিবে। আমার পরম সৌভাগ্য যে, আমি আপনার গা-হাত টিপিয়া দিবার অধিকার পাইয়াছি।"

মিসেস্ এলাইজা মিঃ ভেঙ্কারের হস্তদ্বয় হইতে তাঁহার পা দুটি বাহির করিয়া বলিলেন,—"মিঃ ভেঙ্কার! মাপ করিবেন,—আপনাকে দিয়া পা টিপাইতে আমি পারিব না। আপনারা সদিচ্ছার জন্য আপনাকে ধন্যবাদ দিতেছি, কিন্তু ইহার অধিক নয়।"

এই অর্থকৃচ্ছ্রতার দিনে প্রত্যেক স্বামীকেই, সুচারুরূপে সংসার চালাইবার জন্য ২৪ ঘণ্টা ব্যস্ত করিতে হয়। বাটীতে স্ত্রীর সহিত খোসগল্প করিয়া সময় কাটাইতে একবারেই সুবিধা হয় না, আর এই বেকারের দিনে অনেক বেকার যুবকেরই কাছে সময়ের কোনরূপ মূল্য নাই। তাহাদের হাতে যথেষ্ট সময় আছে, সেটুকু স্ত্রীলোকের সহিত গল্পগুজব করিয়া ও আমোদ-আহ্লাদ করিয়া কাটাইতে পারে। সর্ব্বদাই স্বামী যে সেই স্ত্রীলোকদিগের উপযুক্ত নয়, তাহাই প্রমাণ করিতে ব্যস্ত। স্ত্রীলোকদের মনস্তুষ্টি করিবার জন্য সমস্ত সময়েই তাহারা তাহাদের কাছে হাজির থাকে, আর সয়তান-শিশুর ন্যায় সর্ব্বদাই অপরের স্ত্রীর সন্তুষ্টি-সাধনের জন্য নিজেকে তাহাদের চরণে বিকাইয়া দেয়। এই সব সময়ে আত্মরক্ষা করিতে গেলে ধর্ম্ম ভিন্ন অন্য কিছুই ঐ সকল স্ত্রীলোককে সাহায্য করিতে পারে না। ধর্ম্মশিক্ষাই আত্মরক্ষার একমাত্র ভিত্তি। ধর্ম্মের সাহায্য বিনা কি স্ত্রী, কি পুরুষ, কেহই সৎপথে থাকিতে পারে না। সৎপথে থাকিবার জন্য ধর্ম্মই তাহার প্রধান ও সর্ব্বশ্রেষ্ঠ অবলম্বন।

এইরূপে কিছু কাল কাটিয়া যায়। মিসেস্ এলাইজাকে প্রাপ্তির স্পৃহা ভেঙ্কারের মনে উত্তরোত্তর বৃদ্ধি পাইতে থাকে। আজকাল সে প্রত্যহই মিসেস্ এলাইজার নিকট উপস্থিত থাকে এবং তাঁহাকে খুসী করিবার জন্য প্রাণপাত করিতে থাকে। এই সব নীচ শ্রেণীর লোকের উদ্দেশ্য একই। যে কোন উপায়ে অপরের স্ত্রীকে ভুলাইয়া নিজ কবলে লইয়া আসা, আর কবলে আনিবার পর তাহাদিগকে প্রত্যাখ্যান করা।

সয়তান ক্রমশঃ মিঃ এলাইজার বিপক্ষে ষড়্‌যন্ত্র করিতে সুরু করিল। লোকটা এলাইজা-দম্পতির বন্ধু। তাঁহাদের পায়ে কাঁটা ফুটিলে ভেঙ্কার বেদনা পায়, কিন্তু মনে মনে সে এলাইজার পরম শত্রু। কোন গতিকে তাঁহাকে স্থানান্তরিত করিতে পারিলেই তাহার কার্য্যসিদ্ধি হইবে। সেই উদ্দেশ্যসাধনের জন্য সে সর্ব্বদাই ব্যস্ত। অনেক অনুসন্ধানের পর সে মিষ্টার নস্‌ট্রাম নামে এক ব্যক্তিতে খুঁজিয়া পাইল। কথায় কথায় সে জানিতে পারিল, যখন নস্‌ট্রামের ভাগ্য ভাল ছিল, যখন দুঃখ-দৈন্য তাহাকে আক্রমণ করে নাই, তখন সে মিঃ এলাইজার কাছে ১ হাজার টাকা জমা রাখিয়াছিল। মিঃ এলাইজা মিঃ নস্‌ট্রামকে এই টাকার একখানি স্বীকারোক্তি দিয়াছিলেন। মিঃ নস্‌ট্রাম চাহে নাই, তবুও তিনি জোর করিয়া একখানি রসিদ দিয়াছিলেন। সময়ে মিঃ নস্‌ট্রাম সেই টাকাটি মিঃ এলাইজার কাছ হইতে ফিরাইয়া পাইয়াছিল, কিন্তু রসিদটি তাহার কাছেই রহিয়া গিয়াছিল। মিঃ নস্‌ট্রামের সময় তখন খুব খারাপ, অর্থকৃতচ্ছ্রতা তাহাকে চঞ্চল করিয়া ফেলিয়াছিল।

এই সময়ে কুমতি ভেঙ্কার তাহাকে বুঝাইয়া দিল, মিঃ এলাইজার অবস্থা এখন খুব ভাল, সে একটু চালাকি করিলেই তাঁহার কাছ হইতে কিছু টাকা আদায় করিতে পারে। অতএব অনেক বুঝাইয়া সুঝাইয়া মিঃ এলাইজার নামে নালিশ করিতে নস্‌ট্রামকে সে রাজি করিল।

মিঃ ভেঙ্কারের অনেক উকিল-কৌন্সিলীর সহিত আলাপ। এক জন জুনিয়র কৌন্সিলী ও জুনিয়র উকিলের মুরুব্বি সাজিয়া তাহাদিগকে দিয়া বিশ্বাসঘাতকতার এক মামলা রুজু করিয়া দিল। দরখাস্তে লিখিয়া দিল, টাকা জমা দেওয়া হইয়াছে এক বৎসর পূর্ব্বে। টাকাটি এলাইজার কাছে গচ্ছিত রাখা হয়, আর পুনঃ পুনঃ তাগাদা করিয়াও সে টাকাটি ফেরত পায় নাই। ও দিকে মিঃ নস্‌ট্রামের বন্ধুরূপে তাহাকে দিয়া সে মামলা

রুজু করাইল এবং এলাইজা-দম্পতির বন্ধুরূপে তাঁহাদের ভাগ্যগগনে উদয় হইয়া আসামীর তরফে মামলার তদ্‌বির করিতে লাগিল।

মিঃ এলাইজা আমাকে পূর্ব্ব হইতেই জানিতেন এবং তিনি আমাকে তাঁহার উকিলরূপে নিযুক্ত করিলেন। তিনি যখন আমার চোরবাগানস্থ বাটীতে আসিয়া মামলার বিষয় আমাকে সব বুঝাইয়া দিতে লাগিলেন, মিঃ ভেঙ্কারও সেই সময়ে উপস্থিত ছিল, সে মোকদ্দমার বিষয় বলিতে বলিতে কাঁদিয়া ফেলিল। আমাকে উদ্দেশ্য করিয়া বলিতে লাগিল, "মিঃ সাধু, মিঃ এলাইজা আমার ভাইয়ের অধিক, আর মিসেস্ এলাইজা যদিও আমার সহোদরা নয়, তত্রাপি তাঁহার সুখ-স্বচ্ছন্দতার জন্য আমি নিজেকে বলিদান দিতে রাজি। এমন কিছু কার্য্য নাই, যাহা আমি মিসেস্ এলাইজাকে সুখী করিবার জন্য করিতে পারি না।"

মিঃ এলাইজা, মিসেস্ এলাইজা ও মিঃ ভেঙ্কার তিন জনে আসিয়া আমাকে মোকদ্দমার বিষয় বুঝাইয়া দেন। মিঃ ভেঙ্কার এক দিন এলাইজা-দম্পতির সম্মুখেই আমাকে বুঝাইতে লাগিল, "দেখুন মিঃ সাধু! ইঁহারা ধর্ম্মভীরু লোক, কোন কারণেই ইঁহারা মিথ্যা বলিবেন না। মিঃ নস্‌ট্রাম যে তাঁহার কাছে টাকা গচ্ছিত রাখিয়াছিল, তাহা সত্য কথা, তিনি সে কথা কোনমতেই অস্বীকার করিবেন না, তবে এ কথাও সত্য, তিনি ঐ টাকা তাহাকে ফেরত দিয়াছেন।"

মিঃ এলাইজা।—মিঃ ভেঙ্কার যাহা বলিলেন, তাহা সম্পূর্ণ সত্য। মিঃ নস্‌ট্রাম আমার কাছে টাকা গচ্ছিত রাখিয়াছিল, তাহার পর সে সেই টাকা ফেরত লইয়া গিয়াছে।

আমি।—তাহা হইলে ত পাপ চুকিয়া গিয়াছে। টাকা যখন ফেরত দেওয়া হয়, সে সময়ে কি রসিদ লওয়া হয়?

মিঃ এলাইজা।—না।

আমি।—তাহার কোন সাক্ষী-সাবুদ আছে ?

মিঃ এলাইজা।—না।

মিঃ ভেঞ্চার।—তুমি অত্যন্ত নির্ব্বোধের ন্যায় উত্তর করিতেছ। ( আমার দিকে ফিরিয়া ) মিঃ সাধু! আমার বন্ধু, মিঃ এলাইজা বিপদে পড়িয়া সব ভুলিয়া যাইতেছেন। যখন টাকা ফেরত দেওয়া হয়, তিন জন লোক সাক্ষী আছে। মিঃ চিক্, মিঃ ডিক্, মিঃ টিক্।

মিঃ এলাইজা।—আমি ত ইহাদের চিনি না।

মিঃ ভেঞ্চার।—তুমি ভুলিয়া যাইতেছ, এ তিন জনেই তোমাকে চেনে, আর তুমি যখন টাকা ফেরত দাও, তাহারা উপস্থিত ছিল।

মিঃ ভেঞ্চার এমনভাবে কথা বলিতে লাগিল, যেন সে সবই জানে। মিসেস্ এলাইজাও স্বামীর বিপদে বিশেষ বিপন্না। তিনি স্বামীকে বলিলেন, "মিঃ ভেঞ্চার যাহা বলিতেছেন, তাহাই শুন,বিপদে পড়িয়া তুমি সব ভুলিয়া যাইতেছ।"

চীফ প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেটের কোর্টে মোকর্দ্দমা চলিতে লাগিল। আমি আসামী পক্ষের উকিল। মিসেস্ এলাইজা, মিঃ এলাইজা ও মিঃ ভেঞ্চার আমাকে মোকর্দ্দমার সাক্ষী-সাবুদ বিষয় ওয়াকিভাল করিতে লাগিল। আমি তাহাদের তিন জনকার নিকট হইতেই মোকর্দ্দমার অবস্থা অবগত হইতে লাগিলাম।

মামলা চলিতে লাগিল। চার পাঁচ দিন মামলা চলিবার পর ফরিয়াদীর উকিল আমাকে বলিলেন,"আপনি আপনার মক্কেলকে বলিয়া আমার মক্কেলকে কিছু টাকা পাওয়াইয়া দিন, তাহা হইলে সে মামলা তুলিয়া লইবে।" কথায় কথায় তিনি আরও বলিলেন, ১ শত টাকা পাইলেই তাঁহার মক্কেল মামলা তুলিয়া লইতে রাজি আছে।

প্রথম হইতেই আমার এ শিক্ষা হইয়াছিল যে, ফৌজদারী মামলায় আসামী হইয়া কখন জোর করিয়া মামলা চালাইতে নাই। আসামীর পক্ষে খুব ভাল মামলা হইলেও ফৌজদারী মামলা চালান সব সময়েই বিপজ্জনক। এই সম্বন্ধে আমি একটি ক্ষুদ্র আখ্যায়িকা বলিতেছি।

আমি তখন নূতন উকিল। এক জন স্বর্ণকারের পক্ষে উকিল হইয়া দাঁড়াইয়াছিলাম। তাহার নামে নালিশ যে, পাঁচ বৎসর পূর্ব্বে সে এক জন ভদ্রলোকের জন্য একটি গহনা প্রস্তুত করিয়াছিল। পাঁচ বৎসর পরে সেই গহনা ভাঙ্গিলে দেখা গেল, তাহাতে অত্যধিক পান আছে, আর ভিতরে একটা লোহার পাতও আছে। ফরিয়াদী পুলিস-আদালতে নালিশ করিল প্রতারণার অজুহাতে। আমি তখন জুনিয়র উকিল। এক জন প্রবীণ উকিল ফরিয়াদীর তরফে নিযুক্ত হইয়াছিলেন।

মোকর্দ্দমায় নিয়োজিত হইয়া আমার মহা আনন্দ যে, এ মামলা জিতিবই। কারণ, ফরিয়াদী কেমন করিয়া প্রমাণ করিবে যে, আমার মক্কেল ঐ লোহা দিয়াছে ও পান দিয়াছে। দুই এক জন অপর উকিলকেও জিজ্ঞাসা করিলাম, তাঁহারাও বলিলেন, আপনার মক্কেলের বিপক্ষে মামলা প্রমাণ করা ফরিয়াদীর পক্ষে দুঃসাধ্য। কিন্তু পাশে এক জন বৃদ্ধ উকিল বসিয়াছিলেন, তিনি বলিয়া উঠিলেন, "তারক বাবু ও প্রমাণ ফ্রমাণের কথা শুনিবেন না, ফৌজদারী মামলায় আসামীর তরফে থাকিয়া মেটামিটির কথায় কখন বাধা দিবেন না।"

যাহাই হউক, ফরিয়াদীর উকিল আমাকে বলিলেন,—"দেখুন, সেকরারা এরূপ কার্য্য করিয়াই থাকে। প্রবাদ আছে, মাতার অলঙ্কার প্রস্তুতকালেও সোনা চুরি করে। যাহা হউক, আপনি আপনার মক্কেলকে বলিয়া আমার মক্কেলকে ৪০৲ টাকা দেওয়াইয়া দিন, আমি মামলা তুলিয়া লইব।"

আমি দেখিলাম, আমার মোকর্দ্দমা ভাল আছে। ফরিয়াদীর পক্ষে এই মামলা প্রমাণ করা বড়ই কঠিন, অতএব আমি এ প্রস্তাবে রাজি হইলাম না।

ম্যাজিষ্ট্রেট এক জন বাঙ্গালী ব্যারিষ্টার। পসার যে নাই, এ কথা বলার কোন সার্থকতা নাই; কেন নিজের পসার থাকিলে বিনা "ফি"য়ে কার্য করিতে আসিবেন?

মোকর্দ্দমা ডাক হইলে, ফরিয়াদীর উকিল মোকর্দ্দমার বিষয়টি ম্যাজিষ্ট্রেটকে বুঝাইলেন। আমি তখন বলিলাম, "হুজুর, গহনার ভিতর লোহার পাত থাকিতে পারে বা সোনায় অধিক পান থাকিতে পারে, কিন্তু এ গহনা যে আমার মক্কেলই প্রস্তুত করিয়াছে, তাহার প্রমাণ কোথায়?

অবৈতনিক হাকিম।—তারকবাবু, আপনি যাহাই বলুন, আমার অন্ধ বিশ্বাস, আপনার মক্কেল এ বিষয়ে দোষী। আমি নিজে সেকরার হাতে এইরূপ নিগৃহীত হইয়াছি। আপনি যাহাই বলুন, আমি আপনার মক্কেলকে ছাড়িব না।

পাশে এক জন আমার অপেক্ষাও জুনিয়র উকিল বসিয়াছিল, সে হাকিমের এই কথা শুনিয়া আমাকে বলিল,—"তারক বাবু, আপনি মোকর্দ্দমা স্থানান্তরিত করিবার জন্য দরখাস্ত করুন।"

আমি আস্তে আস্তে তাহাকে বলিলাম,—"মোকর্দ্দমা স্থানান্তরিত করিবার যথেষ্ট কারণ হইয়াছে, কিন্তু খরচা?" অতএব সেই দিন মোকর্দ্দমাব মুলতুবী লইয়া ফরিয়াদীর প্রবীণ উকিলকে ধরিয়া ৮০ টাকা দিয়া মোকর্দ্দমা মিটাইয়া লইলাম। মামলা শুনানীর প্রথম দিনের প্রাতঃকালে ফরিয়াদী ৪০ টাকা চাহিয়াছিল, হয় ত ২০৲ টাকায় মিটিয়া যাইত, কিন্তু আমি একগুঁয়েমি করিয়া মামলা মিটাইয়া লইলাম না।

হাকিমের এইরূপ মনোভাব দেখিয়া ফরিয়াদী আর সস্তায় মিটাইল না, ফলে ৮০ টাকা দিয়া মিটাইতে হইল।

আর একটি ঘটনা ঘটে। নূতনবাজারে একটি মৎস্যবিক্রেতা একটি ভদ্রলোককে ওজনে কম দিয়া মাছ বেচিয়াছিল। ক্রেতা কম টের পাইয়া মাছ-বিক্রেতাকে, কমটি পূরণ করিয়া দিতে বলিল। সে কিছুতেই রাজি হইল না; ফলে পুলিসে খবর দিল। পুলিস আসিয়া তাহার সমস্ত বাটখারা ইত্যাদি লইয়া গেল এবং আসামীকে চালান দিল। আমি আসামীর উকিল। আমার বক্তব্য ঐ কম ওজনের বাটখারাগুলি, মফঃস্বলে মাছ চালান দিবার সময় যে বরফ ব্যবহার করিতে হয়, সেই বরফ ভাঙ্গিবার জন্য ব্যবহৃত হয়। হাকিম এক জন অবৈতনিক ম্যাজিষ্ট্রেট। তিনি আমার কথা শুনিয়া হাসিয়া বলিলেন, "তারক বাবু, আপনি যাহা বলিতেছেন, তাহা হইতেও পারে, না হইতেও পারে, কিন্তু আমি আপনার মক্কেলকে ছাড়িব না। আমি শ্যামবাজারের বাজারে মাছ কিনতে গিয়া নিজে এইরূপ ঠকিয়াছিলাম।" এই সব কারণে হাকিমের মনে মামলা সম্বন্ধে কি ধারণা হইবে, যাহার যখন স্থিরনিশ্চয় নাই, তখন ফৌজদারী মামলায় আসামীর তরফ হইতে মেটামিটিতে বাধা দেওয়া দুর্ব্বুদ্ধির পরিচায়ক।

কাজেই অপর পক্ষের উকিলের প্রস্তাবটি মিঃ এলাইজাকে বলিলাম। মিঃ এলাইজা বলিলেন, "মিঃ সাধু, যদি ১ শত টাকা দিলে এই ছেঁড়া লেঠা হইতে অব্যাহতি পাই, তাহা হইলে আমি দিতে রাজি আছি।"

ইহা শুনিয়া মিঃ ভেঙ্কার বলিল, "তুমি এত কাপুরুষ, এই মিথ্যা মোকর্দ্দমাটি টাকা দিয়া মিটাইবে? লোকে বলিবে, তুমি দোষী; সেই জন্যই ভয়ে মামলা মিটাইতেছ, আমি থাকিতে তাহা কখনই হইতে দিব না।"

মিসেস্ এলাইজাও নিমরাজি ছিলেন, কিন্তু মিঃ ভেঞ্চারের স্থির প্রতিজ্ঞা ও মনোভাব দর্শন করিয়া আর কিছু বলিলেন না। সে প্রস্তাবটি জন্মের সঙ্গে সঙ্গে মৃত্যুমুখে পতিত হইল।

মোকর্দ্দমা চলিতে লাগিল। আসামীর পক্ষে মোকর্দ্দমা এই যে, টাকা লইয়াছিলাম, কিন্তু ফিরাইয়া দিয়াছি। কাজেই টাকা লওয়ার সম্বন্ধে কোন কথা উঠিল না, কারণ,আসামী স্বীকার করিতেছে সামান্য প্রমাণই যথেষ্ট হইল। টাকা ফেরত দেওয়ার প্রমাণ করার ভার আমাদের হাতে পড়িল। মিঃ ভেঞ্চার যে তিন জন সাক্ষীর নাম দিয়াছিল, একে একে তাহাদের ডাকা হইল। তিন জনেই বলিল, টাকা ফেরত দিবার কথা তাহারা কিছুই জানে না। হরি, হরি, সব অন্ধকার!

আসামীকে বাঁচাইবার কোন উপায় রহিল না। পূর্ব্ব হইতেই আসামীর কথা এই ছিল যে, সে টাকা ফেরত দিয়াছে, তাহাই সে প্রমাণ করিতে পারিল না। আমার আর কিছু বলিবার রহিল না। ফলে আসামীর চারি মাসের জেল হইল। বাহিরে আসিয়া দেখি, মিসেস্ এলাইজা ও মিঃ ভেঞ্চার দুই জনেই উধাও! আমি এই মামলার আসল তথ্য ও গূঢ়তত্ত্ব কিছুই বুঝিতে পারিলাম না। প্রমাণ-ভার কেন আমরা ইচ্ছা করিয়া আমাদের ঘাড়ে লইলাম? যাহা হউক, তিন দিন ধরিয়া আমার ঘুমের ব্যাঘাত হইয়াছিল, অবশ্য তখন আমি প্রবীণ উকিল হই নাই।

পাঁচ মাস পরে মিঃ এলাইজা আমার বাড়ীতে আসিয়া উপস্থিত। আমি তাঁহাকে দেখিয়া লজ্জায় অধোবদন হইলাম। তিনি আমাকে আমাকে এইরূপ অপ্রতিভ দেখিয়া বলিলেন, "মিঃ সাধু! আপনি আমার মোকর্দ্দমায় যাহা কিছু করিয়াছেন, তাহার জন্য আপনাকে ধন্যবাদ দিতে আসিয়াছি। আমার যে জল হইয়াছে, তাহার কারণ বন্ধুরূপে শত্রুর ব্যবহার। আমার দুর্ভাগ্যবশতঃ ভেঞ্চারের আমার স্ত্রীর উপর নজর

পড়িয়াছিল। আমার স্ত্রী বরাবরই ভাল ছিল। শেষে সয়তানের চক্রান্তে পড়িয়া তাহার কুমতি হইল। ভেঙ্কার বন্ধুরূপে আবির্ভূত হইয়া চেষ্টা-চরিত্র করিয়া ঘোর শত্রুর কার্য্য করিল, আমাকে জেলে পাঠাইয়া দিল। আমি পূর্ব্বেই বলিয়াছিলাম, টাকা যখন ফেরত দিই, তখন সাক্ষী কেহই ছিল না। ভেঙ্কারই এই তিনটি সাক্ষীর নাম দেয় ও জোগাড় করিয়া আনে। আমি ইহাকে ভদ্রলোক ও বন্ধু বলিয়া মনে করিয়াছিলাম। আপনি আমাকে মোকর্দ্দমা, মিটাইবার কথা বলিয়াছিলেন, এই শত্রুই তাহাতে বাধা দেয়। আমার জেলে যাইবার পর আমার যাহা কিছু স্থাবর সম্পত্তি ছিল ও নগদ টাকাকড়ি ছিল, সেই সমস্ত লইয়া ও আমার স্ত্রীকে লইয়া ভেঙ্কার মুসৌরিতে চলিয়া যায়। তিন মাস সেইখানে স্বামি-স্ত্রীরূপে বাস করিয়া যখন টাকাকড়ি সব শেষ হইয়া গেল, মিসেস্ এলাইজাকে রাখিয়া সে কোথায় চলিয়া গিয়াছে, তাহার কোন সন্ধান নাই। লোকটা নররূপী সয়তান। আমার সংসার নষ্ট করিয়া সে অন্য সংসার নষ্ট করিবার অভিপ্রায়ে নূতন নূতন স্থানে ঘুরিয়া বেড়াইতেছে। ভগবান্ কি কারণে এই সব নররূপী পিশাচকে সৃষ্টি করিয়াছেন, তাহা বুঝা বড়ই কঠিন। আমার ক্ষুদ্র বুদ্ধিতে আমি ইহার কোন কারণই বুঝিয়া পাই নাই। আমার নিজের তরফের লোক যদি সয়তানী করিয়া আপনাকে ভুল পথে লইয়া যায়, তাহা হইলে আপনি কি করিবেন? আপনি জানেন না, এইরূপ বন্ধুবেশে নরপিশাচ প্রত্যেক ভদ্রলোকের পশ্চাতে লাগিয়া আছে। আমার স্ত্রী এইরূপ লোকের কথায় প্রলোভিত ও প্রতারিত হন। নরনারী সকলেই ভুল করে, তিনিও করিয়াছেন। আমি মনে করিয়াছি, তাঁহার দোষ মার্জ্জনা করিয়া তাঁহাকে পত্নীরূপে পুনরায় গ্রহণ করিব। দোষ তাঁহার নয়, দোষ সেই নরপিশাচের।"

# চতুর্দ্দশ কথা

## এলাচি খেলা

পুরুষের ভাগ্য এবং স্ত্রীলোকের চরিত্র দেবতাদেরই জানা নাই, মানুষের অজ্ঞেয় ত বটেই। কত মানুষ সামান্য অবস্থায় জন্মগ্রহণ করিয়া কত উন্নতিসাধন করিতেছে;—বিদ্যায়, বুদ্ধিতে, ধর্ম্মনিষ্ঠায়, ঈশ্বরজ্ঞানে কত উন্নতিলাভ করিতেছে, আর কত কুলাঙ্গার ঈশ্বরপরায়ণ, ধর্ম্মভীরু, উন্নতমনা বংশে জন্মগ্রহণ করিয়া, সেই বংশমর্য্যাদাকে উচ্চস্থান হইতে টানিয়া আনিয়া পঙ্কে ডুবাইয়া দিতেছে। এইরূপ হইবার কারণ নিরাকরণ করা অসম্ভব। মানুষ যেখানে বিচারের দ্বারা কারণ নির্দ্দেশ করিতে পারিবে না, সেইখানেই ভাগ্যের দোহাই দিবে। ভাগ্যের দোহাই দেওয়া আর কারণ-নির্দ্দেশের অক্ষমতা এতদুভয়ের মধ্যে পার্থক্য নাই।

কন্দর্প আচার্য্য কলিকাতার এক বিখ্যাত পল্লীতে আচার্য্যবংশে জন্মগ্রহণ করিয়াছিল। চরম উৎকর্ষের পূর্ব্বতন ভাবের মতে আচার্য্যবংশে ১২ মাসে ১৩ পার্ব্বণ হইত। ব্রাহ্মণ, বৈষ্ণব ও অপর অপর জনসাধারণের সেবার জন্য এই বংশ বিশেষ বিখ্যাত ছিল। পল্লীস্থ অভুক্তদের দৈনিক অবস্থার সংবাদ না লইয়া কর্ত্তা ও গৃহিণী কখন জলগ্রহণ করিতেন না। তাঁহাদের পরিচিত বা অপরিচিত প্রতিবাসী এক জনও অভুক্ত থাকিলে, তাঁহারা তাহাকে ভোজন করাইয়া, তবে নিজেরা ভোজন করিতেন। এই বংশের দানের কথা অনেক শুনা যায়। তাঁহারা গোপনে দুঃস্থের দুঃখ হরণ করিতেন, অভাবগ্রস্তের অভাব মোচন করিতেন। নিঃশব্দে দানকার্য্য হইত। যাহাকে দান করিতেন, সেই-ই দানের কথা

জানিত, অন্য কেহ জানিত না। এক টাকার বিজ্ঞাপন জারি করিয়া আধ পয়সার দান দিতেন না। গুপ্তদান মহাপূণ্য, এ কথার সারবত্তা আচার্য্য-বংশের লোক বুঝিয়াছিলেন।

সেই আচার্য্য-বংশের যশোরবি যখন সেই বংশের শিরোপরি বিভাসিত হইয়াছিল, সেই সময়ে একদিন কন্দর্প আচার্য্য জন্মগ্রহণ করিল। অতি সুপুরুষ ছিল বলিয়াই, পিতামাতা ও আত্মীয়রা তাহার নাম রাখিলেন কন্দর্প। সে বাস্তবিকই কন্দর্পবৎ রূপবান্ ছিল।

আচার্য্য-বংশের যে শুধু সুনাম ছিল, তাহা নহে, তাঁহাদের সম্পত্তিও যথেষ্ট ছিল। যে পল্লীতে তাঁহারা বাস করিতেন, সেই পল্লীর অনেকগুলি বাটী, বস্তি ও ভূসম্পত্তি তাহাদেরই ছিল। মোটের উপর অন্যত্র অপর আচার্য্য-পরিবার থাকিলেও আচার্য্যগোষ্ঠীর কথা হইলেই, সাধারণে এই আচার্য্য-পরিবারের কথাই ধরিয়া লইত। সৎ ও উচ্চবংশে কেহ জন্মগ্রহণ করিলে সেই লোকের অনেক সুবিধা হয়। প্রথমতঃ মানুষ ধরিয়া লয় যে, উচ্চবংশে জন্মগ্রহণ করা হেতু তিনিও এক জন উচ্চমনা ও উচ্চকর্ম্মে অভ্যস্ত ব্যক্তি। সাধারণতঃ নীচকর্ম্ম করা তাঁহাদের পক্ষে অসম্ভব। যেমন নিঃস্ব বংশে জন্মগ্রহণ করিলে মানুষের অনেক অসুবিধা, প্রথম হইতেই ধরিয়া লওয়া হয়, সে ব্যক্তি অভাবগ্রস্থ, সেই কারণে অন্যায় কার্য্য করিতেও পশ্চাৎপদ হইবে না।

জন্মগ্রহণের পর হইতেই উচ্চ সম্ভ্রান্তবংশীয় বালকদের সহিতই কন্দর্পের বন্ধুত্ব হইতে লাগিল। বিদ্যালয়ে বিদ্যাভ্যাসকালেও উচ্চবংশীয় বালকদের সহিত তাহার মেলামেশা। এই সব সুবিধা সত্বেও পাঠ্যাবস্থায় কতকগুলি নীচমনা যুবকের সহিত তাহার আলাপ হইল এবং আলাপসূত্রে কতকটা ঘনিষ্টতা জন্মিল। এই সব যুবকের মধ্যে এক জন যুবক ধনী জুয়ারীর বংশধর। ঘনিষ্টতা হেতু সে জুয়ার আমোঘ ও ঐন্দ্রজালিক

শক্তির কথা তাহার নিকট হইতে অবগত হইতে লাগিল। এবং কন্দর্প মনে মনে স্থির করিল, অর্থ উপার্জ্জনের ইহা একটি বিস্তৃত পথ। যদিও সাধারণতঃ লোক বলে, "যেমন বীজ, তার তেমনই গাছ," কন্দর্পের পক্ষে কিন্তু এ কথাটি খাটিল না। উচ্চবংশে জন্মগ্রহণ সত্ত্বেও বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে তাহার মতিগতি অতিশয় নীচপথগামী হইল। সময়ে বা অসময়ে কন্দর্পের পিতার মৃত্যু হইল। কন্দর্প আচার্য্য-বংশের সম্পত্তির ও সুনামের প্রতিনিধির স্থান অধিকার করিল। কিন্তু তাহার নীচ প্রবৃত্তি-গুলি তাহাকে সম্পূর্ণরূপে অধিকার করিয়াছিল। সেই কারণে আচার্য্য বংশের প্রতিনিধি হইয়াও ঐ বংশের উন্নতমনের অধিকারী সে হইল না।

যদিও আচার্য্য-বংশের বাসবাটি কলিকাতার এক পল্লীতে, কিন্তু তাহাদের পুরাতন আবাসস্থান কলিকাতার বাহিরে বল্লভপুর উপনগরে। কন্দর্প কখনও সেইখানে থাকে, কখনও কলিকাতায় থাকে।

তাহার এক বন্ধু জুটিল, তাহার নাম সর্ব্বভূক্। পাটনা নগরে তাহার জন্মস্থান। উচ্চবংশে সেও জন্মগ্রহণ করিয়াছিল, কিন্তু নিজ দোষে তাহার সমস্ত প্রবৃত্তি নীচগামী হইয়াছিল। তাহার মৃতুর পর সে অনেক অর্থের মালিক হইয়াছিল। কিন্তু প্রবৃত্তির অগ্নিতে সমস্ত সম্পত্তি ইন্ধন দিয়া সে রিক্ত হইয়া পড়িয়াছিল। সে সময় কন্দর্পের বন্ধুরূপে আবির্ভূত হইল, তখন তাহার কিছুই ছিল না। ছিল কেবল পূর্ব্ব-স্মৃতি আর আত্মগ্লানি। জুয়া খেলিয়াই এই সমস্ত সম্পত্তি সে নিঃশেষ করিয়াছিল। অন্য লোক তাহাকে প্রতারণা করিয়া তাহার যথাসর্ব্বস্ব হরণ করিয়া লইয়াছিল। সুতরাং তাহার মন মনুষ্যজাতির প্রতি বিরূপ হইয়াছিল। মানুষ মাত্রকেই সে শত্রু বলিয়া মনে করিত। সে সংকল্প করিয়াছিল, অপরকে প্রতারণা করিয়া ধ্বংস করিলে তাহার কোন অপরাধ হইবে না; বরং প্রতিশোধ লওয়া হইবে।

এই মনোবৃত্তির দ্বারা প্রভাবিত হইয়া সে কার্য্যক্ষেত্রে অবতরণ করিল এবং কন্দর্পের উপর তাহার চোখা চোখা বাণ নিক্ষেপ করিল। অপরিণামদর্শী কন্দর্প শ্যেনদৃষ্টি সর্ব্বভুকের কাছে কতক্ষণ টিকিবে ? কাজেই সর্বভুক্ ও তাহার শ্রেণীস্থ লোকের হাতে পড়িয়া কন্দর্প যথাসর্ব্বস্ব হারাইল।

শ্রীভ্রষ্ট ও সর্ব্বভ্রষ্ট হইয়া তাহারা উভয়ে মিলিয়া এক "নওসেরিয়া" দল সৃষ্টি করিল। এ দলে অনেকগুলি লোকের প্রয়োজন—বৈঠক অর্থাৎ রাজা, খাজাঞ্চী, ম্যানেজার, Tryman অর্থাৎ যে লোক বৈঠকের কাছে আসিয়া সর্ব্বপ্রথম খেলার প্রস্তাবনা করে, বৈঠককে সর্ব্বপ্রথম তাহার ভাগ্য পরীক্ষা করিতে উত্তেজিত করে, দালাল অনেকগুলি করিয়া দরকার Tryman'ও একের অধিক প্রয়োজন, কেন না, এক লোক ক্রমান্বয়ে এ কার্য্য করিলে লোকের সন্দেহ উদ্রেক করিতে পারে। প্রত্যেক দলে দুই জন কিংবা তিন জন করিয়া Tryman থাকে। চার জন কি পাঁচ জন করিয়া দালাল থাকে। ম্যানেজার ও সময়ে সময়ে একের অধিক থাকে, বৈঠকও সময়ে সময়ে একের অধিক থাকে।

জুয়া অনেক রকম আছে। বিভিন্ন দল বিভিন্ন নামে আখ্যাত হয়। সাধারণতঃ এই দলগুলিকে "নওসেরিয়া" দল বলে, অর্থাৎ একশত রকম জুয়াচুরির ফন্দী। নওসেরিয়া দলের মধ্যে একশত প্রকার জুয়ার পদ্ধতি আছে।

আজ এই প্রবন্ধে যে জুয়ার কথা বলিব, তাহা এলাচি খেলা বা Chinese Table race নামে অভিহিত। এলাচি খেলা আর Chinese Table raceএর মধ্যে তফাৎ এই যে, এলাচি খেলায় ঘুঁটি-গুলির পরিবর্ত্তে এলাচি ব্যবহার হয়, আর Chinese Table raceএ ছোট ছোট কাচের বিড (Bead) ব্যবহৃত হয়। নওসেরিয়া দলের

খেলার মধ্যে পিতলকে স্বর্ণ বলিয়া চালান, কাগজের একখানি নোটকে তাহা অধিকতর মূল্যবান করিবার ভানে যে ঠকান হয়, তাহাকে সচরাচর **Note-doubling trick** খেলা বলে।

প্রায় দেখা যায়, এলাচি খেলা বা কাচের বিডের ঘোড়দৌড় খেলায় যাহারা সিদ্ধহস্ত, তাহারা জীবনের প্রথম সময়ে ভদ্রবংশজাত, শিক্ষিত ও বিত্তসম্পন্ন, পরে তাহাদের অপেক্ষা অধিকতর ধূর্ত্ত লোকের হাতে হৃতসর্ব্বস্ব। বাল্যকাল হইতে সুখে লালিত-পালিত, অল্পশিক্ষিত বা অর্দ্ধশিক্ষিত, পরে বিত্তহীন, এরূপ অবস্থায় আর অন্য কিছু কর্ম্ম করিতে অনভিজ্ঞ হেতু যে খেলায় তাহারা নিজে হৃতসর্ব্বস্ব হইয়াছে, সেই খেলাকেই জীবনের অপর ভাগে গ্রাসাচ্ছাদনের উপায় বলিয়া অবলম্বন করে।

এই সব দলের যাহারা রাজা সাজে, তাহারা সকলেই সুপুরুষ ও সুন্দর। কন্দর্প তাহার দলের রাজা বা বৈঠক ছিল, সর্ব্বভুক্ সেই দলের ম্যানেজার। দলের সব লোকই খুব চালাক, এবং বাল্যকাল হইতে অপর কোন পেশা না শিখিয়া, যে খেলায় তাহারা সব হারাইয়াছে, সেই খেলার দ্বারাই জীবিকা উপার্জ্জন করিয়া লয়। ইহাদের ম্যানেজারের ( সর্ব্বভূক ) সহিত আমার একবার কথাবার্ত্তা হয়। কথোপকথনে জানিলাম, লোকটি ভদ্রবংশজাত, মোটামুটি শিক্ষিত, এক সময়ে বিত্তশালী ছিল। আমি তাহাকে জিজ্ঞাসা করিলাম, "তোমার এ প্রবৃত্তি কেন হইল?" তাহাতে সে ব্যক্তি উত্তরে আমায় বলিল, "মহাশয়, প্রবাদবাক্য আছে, 'যে মাটীতে পড়ে লোক, উঠে তাই ধ'রে, আমিও তাহাই করিয়াছি। ভদ্রসন্তান, অন্য কোন কাজকর্ম্ম শিখি নাই, অল্পবয়স হইতেই জুয়া খেলিয়া সব হারাইয়াছি। জীবনযাপনের অন্য কোন উপায় জানি না, কাজেই যে ক্রীড়ায় হৃতসর্ব্বস্ব হইয়াছি, সেই ক্রীড়ার দ্বারাই অপরকে বিত্তহীন করিয়া নিজের গ্রাসাচ্ছাদন সংগ্রহ করিবার চেষ্টা করিতেছি। এইরূপ ক্রীড়া অন্যায়

ও বে-আইনী বলিতে পারেন, কিন্তু তাহা অপেক্ষা অধিক কিছু বলিতে পারেন না। কারণ, উদ্দেশ্য দুপক্ষেরই মহৎ। প্রত্যেক পক্ষই অপর পক্ষকে ঠকাইবার জন্য ব্যস্ত। সকল ধর্ম্মই বলে পরিশ্রম করিয়া অর্থোপার্জ্জন করিবে। বিনা পরিশ্রমে এক পক্ষকে ঠকাইয়া অর্থার্জ্জনকে সৎ অবলম্বন কখনই বলা যাইতে পারে না। যে আমার সহিত খেলিতে আসিতেছে, তাহারও উদ্দেশ্য ফাঁকি দিয়া অর্থোপার্জ্জন করা। এই অন্যায় যুদ্ধে যদি এক জন অপর জনকে হারায়, তবে কেন আপনি এক পক্ষকে দোষ দিবেন, অপর পক্ষকে দোষ দিবেন না?—এক পক্ষকে ভক্ষ্য বলিলেন, অপর পক্ষকে ভক্ষক বলিবে? বাস্তবিক বলিতে গেলে, দুপক্ষই ভক্ষক, দুপক্ষই ভক্ষ্য। তবে আপনাদের আইন একচোখো; এক পক্ষের জন্য, দুপক্ষের জন্য নয়। তাহা যদি হইত, তবে জুয়া খেলার দরুণ দুপক্ষেরই সাজা হওয়া উচিত। আইনে দুপক্ষকেই সাজা দেওয়া উচিত ছিল, কারণ, দুপক্ষেরই উদ্দেশ্য এক, অতি হীন, অতি নীচ ও অতি অন্যায়। সেই কারণে আইন এ রকম হওয়া উচিত —যাহাতে দুপক্ষেরই সাজা দেওয়া হয়।”

আমি তাহার কথার সারগভতা অস্বীকার করিতে পারিলাম না। বাস্তবিক, এই প্রকার জুয়া ও Note Doubling caseএ দুপক্ষেরই সাজা হওয়া উচিত। কারণ, দুপক্ষই অন্যায় ও অবৈধ উপায়ে অর্থ সংগ্রহ করিতে চেষ্টা করিয়াছিল, প্রত্যেক পক্ষের উদ্দেশ্য অপর পক্ষকে ঠকাইবে। আর যাই ঠকাইতে পারিল না, বরং ঠকিয়া গেল, অমনি কাঁদুনে ছেলের মত আদালত ও আইনের আশ্রয় লইতে গেল।

যাহা হউক, সর্ব্বভুক্ ও কন্দর্প দুজনে মিলিয়া এক দল পাকাইল। এইরূপ দল করিতে গেলে, আমি পূর্ব্বেই বলিয়াছি, আট দশ জন লোকের প্রয়োজন, আর একটি উত্তমরূপে সজ্জিত, প্রশস্ত, মনোমুগ্ধকর খেলিবার

স্থানের প্রয়োজন। প্রায় দেখা যায়, যিনি খেলিবার পাণ্ডা, তাঁহার নিজের খুব ভাল বাড়ী আছে, ধন-সম্পত্তি সব গিয়াছে, কেবলমাত্র বাড়ীটি রহিয়া গিয়াছে, আর না হয়, সম্ভ্রান্ত-বংশোদ্ভূত কোন ভদ্রলোকের রাজপ্রাসাদস্বরূপ অট্টালিকা খুব মোটা ভাড়ায় প্রত্যহ ত্বঘণ্টা করিয়া ব্যবহারের জন্য ভাড়া লওয়া হয়। যে ব্যক্তি তাঁহার সেই রাজপ্রাসাদের ন্যায় বাটী ভাড়া দেন, তিনি হয় ত সব সময় মোটা ভাড়া দিয়া অল্প-সময়ের জন্য কেন লইতেছেন, তাহার কারণ জানেন না। জুয়াড়িদের দলপতি এই সুন্দর ও প্রশস্ত অট্টালিকার মালিকের কাছে গিয়া বলে, আমরা সায়ংকালে তুই ঘণ্টা করিয়া পাঁচ জন ভদ্রলোক লইয়া তোমার বৈঠকখানায় আমোদ আহ্লাদ ও ক্রীড়াদি করিব। মাসে ১ হাজার টাকা করিয়া ভাড়া দিব। যে বাটীর মালিকের নিকট এই প্রস্তাব হয়, প্রস্তাবের সময়েও হয়ত তাহার অবস্থা ভাল, তবে অবস্থাকে অধিকতর ভাল করিবার জন্য এই টাকার লোভ সংবরণ করেন না। অনেক সময় উচ্চ বংশধরের অবস্থা মলিন হইয়াছে, অর্থের প্রয়োজন, প্রত্যহ তুই ঘণ্টা ব্যবহারের জন্য মাসিক হাজার টাকা, এ লোভ সংবরণ করিতে পারেন না, ভাডা দিয়া বসেন। রাজপ্রাসাদের ন্যায় অট্টালিকা, সুন্দরভাবে সজ্জিত, আসবাব-পোষাক খুব ভাল ; অনেক সময় বাড়ীর নাম-ডাকও আছে। সুতরাং কেহ সন্দেহও করে না যে, এখানে কোন অপকর্ম্ম হইতে পারে। শিকার সহজেই জালে পড়ে।

শিকার সংগ্রহ করিবার জন্য অনেকগুলি করিয়া দালাল থাকে। সেই দালালের অধীনে আবার ছোট ছোট দালাল থাকে, তাহারাও শিকার সংগ্রহ করে।

যত দিন মানুষের অবৈধ ধনলিপ্সা থাকিবে, তত দিন শিকারের কোন অভাব হইবে না। পতঙ্গ যেমন প্রদীপ্ত অগ্নিশিখা বা আলোকের

উপর ঝাঁপাইয়া পড়িয়া আত্মহত্যা করে, মানুষও তেমনই নিজে এই জুয়াড়িদের স্থানে গিয়া পৌছিবে। দালাল যাইয়া এক জন ডাক্তারকে তাহাদের আড্ডায় লইয়া গিয়া তুলিল। তাঁহার নিকট যাইয়া বলিল, "মহাশয়, চিকিৎসা-বিষয়ে আপনার বেশ পাণ্ডিত্য ও সুখ্যাতি আছে। আমার রাজা বা জমিদার আপনার সুখ্যাতির কথা লোকমুখে শুনিয়াছেন, তাঁহার বাড়ীতে পীড়িত লোক আছে, আপনাকে যাইয়া তাহার চিকিৎসা হইবে।"

সেই ডাক্তার বাবু এই সব কথা শুনিয়া গলিয়া গেলেন,—তাঁহার সুখ্যাতির কথা ও রোগী হাতে পাইবার আশু সুবিধা ভাবিয়া মাতোয়ারা হইলেন। পড়ার লোক তাঁহাকে ২৲ টাকা দিয়াও ডাকে না, দালাল তাঁহাকে বুঝাইয়া দিল, তিনি ৮৲টাকা হিসেবে ফি পাইবেন।

প্রথম দিন রাজার বাটীতে গিয়া, রাজার সহিতও দেখা হইল না, রোগীর সহিতও দেখা হইল না, তথাপি তিনি তাঁহার ফি পাইলেন। ডাক্তার আনন্দে অধীর যইয়া নিজের ভাগ্য ধন্যবাদ দিতে লাগিলেন। ক্রমে পাঁচ সাত দিন ঐরূপ যাইয়া আর ফাঁকি দিয়া ৬।৭টি ফি পাইয়া তিনি সেই নওসেরিয়া দলের শিকার হইলেন। সেইরূপ ইঞ্জিনিয়ার, কন্‌ট্রাক্টর ও অন্যান্য পেশার লোক, যাহাদের কাজকর্ম্ম ভাল চলে না, সেইরূপ লোক ধরিয়া আড্ডা-স্থানে আনিয়া জোটায়। অভাবগ্রস্ত ইঞ্জিনিয়ারকে বুঝাইয়া দেয়, রাজার অনেকগুলি বাড়ী তৈয়ারী হইবে, তাঁহাকে ইঞ্জিনিয়র রাখা হইবে। যে পারিশ্রমিক তিনি পাইবেন, তাহাও প্রচুর। কন্‌ট্রাক্টরকেও ঐরূপ প্রলোভন দেখাইয়া সংগ্রহ করা হয়। প্রকাণ্ড রাজপ্রাসাদ প্রস্তুত হইবে কিম্বা বাজার বসান হইবে, তাহার মাল তাহাকে যোগাইতে হইবে। তবে সে যে মাল জোগইতে পারিবে, ইহার কারণে অর্থ গচ্ছিত রাখিতে হইবে, না পারিলে তাহার

গচ্ছিত টাকা হইতে তাহার খেসারত কাটিয়া লওয়া হইবে। ডাক্তার যেরূপভাবে সংগ্রহ করা হয়, কবিরাজগণকেও ঠিক সেইরূপভাবে সংগৃহীত করা হয়।

সাধারণতঃ যেরূপভাবে শিকারকে ধোঁকা দেওয়া হয়, তাহা এই স্থানে দেখাইতেছি। ধরুন, এক জন কবিরাজকে শিকার স্থির করা হইয়াছে। দালাল রামচন্দ্র ইহাকে জালে ফেলিবার ভার লইল। কবিরাজের নাম কৈলাসচন্দ্র শাস্ত্রী। বেচারী একখানি ভাড়াবাড়ীতে থাকেন। টাকা কুড়ি বাটীর ভাড়া দেন। ঔষধ বেচিয়া ও রোগী দেখিয়া কষ্টেসৃষ্টে জীবনযাপন করেন। সংসারে ছেলে-মেয়ে লইয়া ৪।৫টি; দুইটি মেয়ের বিবাহ হইয়া গিয়াছে। মেয়েগুলি দেখিতে ভাল, কাজেই অবস্থাপন্ন ঘরে পড়িয়াছে।

দালাল রামচন্দ্র সেই অখ্যাত কবিরাজের পাড়ায় গিয়া উপস্থিত। খবর লইয়া জানিল, সেই পাড়ায় এক জন কবিরাজ বাস করেন। তাঁহার নিজ অবস্থা ভাল না হইলেও তাঁহার অনেকগুলি আত্মীয়স্বজনের অবস্থা ভাল। কবিরাজটি প্রবীণ। দুই পাঁচটি পুরান ঘর আছে; সেই সব বাটীর লোকরা তাঁহাকে ভক্তি ও শ্রদ্ধা করে।

রামচন্দ্র এক দিন কবিরাজ মহাশয়ের বাটীতে উপস্থিত হইল। কবিরাজ মহাশয় বাহিরের ঘরে বসিয়াছিলেন। তাঁহাকে দেখিয়া সে জিজ্ঞাসা করিল, "তিনি কৈলাসচন্দ্র শাস্ত্রী কি না?" কবিরাজ মহাশয় বলিলেন, "হ্যাঁ, আমারই নাম কৈলাস শাস্ত্রী।"

রামচন্দ্র একটি ৯০ ডিগ্রীর প্রণাম ছাড়িল এবং বলিল, "মহাশয়, আজ আমার সুপ্রভাত, আমি ক'দিন ধ'রে আপনার খোঁজ করিতেছিলাম, কিন্তু কিছুতেই আপনার সহিত সাক্ষাৎ করিতে সমর্থ হই নাই। লোকমুখে আপনার গুণগ্রামের কথা শুনিয়াছি, আপনার হাতযশের

কথাও শুনিয়াছি। পরিতাপের বিষয়, জনসাধারণ আপনাকে এখনও চিনিল না, আপনি মহাশয় এক জন সুচিকিৎসক। তবে নিজের ঢোল নিজে বাজাতে পারেন না, সেই কারণে আপনাকে এখনও লোকে চিনিল না। কয়েক জন আমাকে বলে, চড়কবাগানের কৈলাস শাস্ত্রী মহাশয় এক জন বিচক্ষণ পণ্ডিত। আমার মনিব রাজা তছনছ সিং সারসবাগানে থাকেন। তাঁহার এক আত্মীয়ের রক্ত-আমাশয়ের পীড়া, বহুদিন হইতে ভুগিতেছেন। তাঁহাকে কে বলিয়া দিয়াছে, চড়কবাগানের কৈলাসচন্দ্র শাস্ত্রী এইরূপ ব্যারামে ধন্বন্তরি। তা কবিরাজ মহাশয়, আপনি বেশ জানেন, বড় লোকের খেয়াল, যাহা যখন ধরিবেন, তাহা আর ছাড়িবার নয়। তাহা না হইলে ধরুন না কেন, ভিখারীর কন্যা এলাহিজান ইন্দ্রনারায়ণ সিংহের নজরে পড়িবে কেন? খেয়াল, মশাই, খেয়াল। শ্যামাদাস বাচস্পতি মহাশয় তাঁহার সংসারে দেখেন। তা সত্ত্বেও তিনি ধরিয়া বসিয়াছেন, কৈলাসচন্দ্র শাস্ত্রীকে চাই। আর দেখুন, তাঁহার কতকগুলি নিজেরও ব্যারাম আছে, সেই কারণে তিনি কতকগুলি আয়ুর্ব্বেদীয় ঔষধ প্রস্তুত করাইবেন। সোনা, হীরা, পান্না, পলা ইত্যাদি অনেকগুলি দ্রব্য সংগ্রহ করিয়া রাখিয়াছেন। তা যদি মহাশয়ের সুবিধা হয়, শ্যামাদাস বাচস্পতিকে দিয়া কেন, আপনাকে দিয়াই ঔষধ প্রস্তুত করান হইবে। বাচস্পতি মহাশয় প্রভূত অর্থের মালিক, তিনি ত এখন আর নিজে আগুন-তাপে যাইবেন না। আপনি এখনও বাচস্পতি মহাশয়ের সমান ধনবান্ হন নাই, অতএব আপনার দ্বারা এসব ঔষধ প্রস্তুত করান ভাল।"

কৈলাস।—তা বাপু, তোমার রাজাবাবু যখন আমাকে পছন্দ করিয়াছেন, আমার দ্বারা যতদূর সম্ভব, তাঁহার কার্য্যে সহায়তা করিব। তবে বাপু, আমার হাতে রোগী খুব কম মরে।

রামচন্দ্র।—তা নিশ্চয়ই। বড় বড় ডাক্তার-কবিরাজরা বিনা ওজরে ও বিনা আপত্তিতে যত লোক মারিবার সুবিধা পায়, তত সুবিধা ত সকলেই পায় না? কথায় বলে, "সহস্রমারী চিকিৎসক।" তবে কবিরাজ মহাশয়, আসুন, রোগী দেখা হয় ভালই, না হ'লে আপনার ফি ত আর মারা যাবে না?

এই বলিয়া রামচন্দ্র কবিরাজ মহাশয়কে সঙ্গে করিয়া একখানা ট্যাক্সি চড়িয়া সারসবাগানের রাজপ্রাসাদে আ'সয়া উপস্থিত। কবিরাজ মহাশয় ও রামচন্দ্র ট্যাক্সি হইতে নামিলেন। দ্বারে সেপাই জমি স্পর্শ করিয়া তাঁহাদের অভ্যর্থনা করিল। দুজনে আসিয়া একটি প্রকাণ্ড সুসজ্জিত কামরায় উপস্থিত হইলেন। খবর লইয়া জানিলেন, রাজাবাবু ভিতরে আছেন, তবে তাঁহার শরীর একটু বে-একতার, সে দিন তিনি আর বাহিরে আসিবেন না। শুনিয়া তিনি ম্যানেজার রসিকলাল বাবুকে (সর্ব্বভুক্‌কে) জিজ্ঞাসা করিলেন, "মহাশয়, জাঁহাপনা কি আর আজ বাহিরে আসিবেন না?" তাহা শুনিয়া ম্যানেজার উত্তর করিলেন—"না।"

রামচন্দ্র।—আমি সেই কৈলাসচন্দ্র শাস্ত্রী কবিরাজ মহাশয়কে আনিয়াছি।

রসিক।—আরে ভাই,—মহারাণীর সহিত জাঁহাপানার কি খিটিমিটি হইয়াছে। বড়লোকের বাড়ীতে একটু খিটিমিটি হইলেই সব বিষয়ে গোলযোগ। গৃহিণীর সহিত মনকষা হইলেই জজ-ম্যাজিষ্ট্রেটদের আদালতে লোকের প্রাণ ওষ্ঠাগত। এমন কি, উকিল বাবুদেরও রক্ষা নাই। অফিসের বড় বাবুর তৃতীয় পক্ষের স্ত্রী গোঁসাঘরে গেলেন, গরীব কেরাণী-কুলের সে দিন প্রাণ অতিষ্ঠ। এ মেজাজে কি আর কবিরাজ মহাশয়ের সহিত দেখা করিবেন? যাহা হউক, কবিরাজ মহাশয়কে তাঁহার দর্শনী

দিয়া আজকের মত বিদায় দাও, পুনরায় পরশ্ব ৪টার সময় আসিতে বলিয়া দাও। কেমন হে, ইহার ফি ত ৮৲ আট টাকা?

এই বলিয়া রসিক কেসিয়ারকে ৮৲ দিতে হুকুম দিলেন।

কবিরাজ মহাশয়কে কেহ কখন দুই টাকার অধিক দেয় নাই আজ রাজবাড়ীতে আসিয়া ৮৲ টাকা ফি পাইলেন। মনে মনে মহাখুসি। ভাবিতে লাগিলেন, আজ কাহার মুখ দেখিয়া উঠিয়াছিলাম?

এইরূপ ভাবে কবিরাজ মহাশয় আরও তিন দিন সারসবাগানে রাজার নন্দনকাননে আসিলেন। এক দিনও রাজার সহিত দেখা হইল না, তবে দর্শনী পাইলেন প্রত্যেক দিনে। কবিরাজ মনে মনে ভাবিতে লাগিলেন, রাজারাজড়া হবে এই রকমের। পঞ্চম দিনে কবিরাজ মহাশয় নন্দনকাননে আসিয়া দেখিলেন, রাজা সশরীরে উপস্থিত। রামচন্দ্র কবিরাজ মহাশয়কে দেখিয়াই, 'আসুন আসুন' বলিয়া অভ্যর্থনা করিল, আর রাজা বাহাদুরকে লক্ষ্য করিয়া বলিয়া উঠিল—"রাজা বাহাদুর! কবিরাজ কৈলাসচন্দ্র শাস্ত্রী মহাশয় আসিয়াছেন, তিনি আজ পাঁচ দিন ধরিয়া আনাগোনা করিতেছেন, আপনার সহিত সাক্ষাৎ হইতেছে না, বিমল বাবুর চিকিৎসারও বন্দোবস্ত হইতেছে না।"

রাজাবাবু।—তোমরা সকলে মিলে দেখছি আমাকে আর বাঁচতে দেবে না। দাঁড়াও বাপু, একটু সুস্থ হই, তার পর কবিরাজ মহাশয়, ডাক্তার মহাশয়, সকলকার সহিত সাক্ষাৎ করিব। দেখিতেছ ত শেষ বৈশাখে কি দুর্দ্ধর্ষ গরম! বেঁচে থাকাই অতি কষ্টদায়ক, তার উপর রাজকার্য্য!

(রমেন বাবুকে লক্ষ্য করিয়া)—কেমন হে রমেন, ঐ গঙ্গামণ্ডলের জমিদারীর যে অংশ বিক্রীত হবে, তা কিনবার বন্দোবস্ত কি করলে? টাকার জন্যে ভেব না। সম্পত্তিটি চাই।

( অভয় নন্দনকে লক্ষ্য করিয়া )—ওহে, সেই নেকলেসটা সওয়া লক্ষ টাকা বলিলাম, তাতেও ঠিক করিতে পারিলে না ? বাজারে ঐরূপ নেকলেস সচরাচর পঁচাত্তর হাজার বা এক লক্ষ টাকায় পাওয়া যায়। তোমাদের রাণীমার ঐটি পছন্দ হইয়াছে। আমি সওয়া লক্ষ টাকা পূর্ব্বে বলিয়াছিলাম, দেড় লক্ষ পর্য্যন্ত উঠিতে রাজি আছি।

( রমণ চোবেকে লক্ষ্য করিয়া )—গঙ্গার ধারের বাগানটা কি হইল ? দেড় লক্ষ টাকা পর্য্যন্ত দিতে রাজি, আজকাল এত দামের খরিদ্দার পাইবে না।

এইরূপ কথাবার্ত্তা হইতেছে, এমন সময় অজাতশ্মশ্রু শিবরাম (Tryman) আসিয়া উপস্থিত। আসিয়াই ভূমিষ্ঠ হইয়া প্রণাম ও রাজাবাবুকে লক্ষ্য করিয়া বলিল,—"রাজাবাহাদুর, আজ এক নূতন খেলা শিখিয়া আসিয়াছি, আপনাকে দেখাইয়া জীবন সার্থক করিব। ইহা glass bead ( কাচের ঘুঁটি ) লইয়া খেলিতে হয়। ইহাকে Chinese Table Race বলে।"

রাজাবাহাদুর।—শিবরাম, আজ যাও, মনটা তত ভাল নয়, আর এক দিন আসিও।

শিবরাম।—তাও কি হয় হুজুর ? ভাল কিছু পাইলেই প্রাপ্তমাত্রেণ ভক্ষয়েৎ। আপনাকে এ খেলা দেখাবই।

রাজাবাহাদুর।—আমি ১০ মিনিটের অধিক সময় দিতে পারিব না। ইহাতে হারই হউক, জিতই হউক।

রাজাবাহাদুর শিবরামের সহিত খেলিলেন, প্রথমবারেই ৫ হাজার টাকা হারিলেন। আর ম্যানেজার বাবুকে বলিয়া দিলেন, উহাকে ৫ হাজার টাকা দিয়া দাও। বলিবামাত্র ম্যানেজোর বাবু ৫ হাজার টাকার নোটের বাণ্ডিল বাহির করিয়া দিলেন, আর সঙ্কেত করিয়া তাঁহার প্রাপ্য

বকশিস চাহিলেন। শিবরাম টাকাগুলি হাতে করিয়া বলিল, "রস্থন না মশাই, দিচ্ছি।"

রাজাবাহাদুর বলিলেন, "আমার আর সময় নাই, আমি আর আজ খেলিব না।" সকলের প্রতি ফিরিয়া বলিলেন, "তোমরা আজ সকলে বিদায় হও, অন্য এক সময়ে সুবিধামত আসিয়া সাক্ষাৎ করিও।"

এই বলিতে বলিতে কবিরাজের দিকে একটা কটাক্ষ করিলেন। মুখে কিন্তু কিছু বলিলেন না। সকলেই তখন গাত্রোত্থান করিল। কবিরাজও গাত্রোত্থান করিতে যাইতেছিলেন, এমন সময় ম্যানেজার বাবু ইঙ্গিত করিয়া তাঁহাকে বসিতে বলিলেন।

রাজাবাহাদুর চলিয়া গেলে ম্যানেজার শিবরাম বাবুর নিকট হইতে তাঁহার বকশিসের টাকা প্রার্থনা করিলেন। তখন শিবরাম কথঞ্চিৎ গরম হইয়া বলিয়া উঠিল, "আমি খেলিয়া টাকা উপার্জ্জন করিয়াছি, তোমাকে তার বখরা দিব কেন? হারিলে কি তুমি আমাকে দিতে?"

এই বলিয়া শিবরাম সে স্থান পরিত্যাগ কবিল। তখন রসিকলাল কৈলাসচন্দ্র শাস্ত্রী মহাশয়ের দিকে ফিরিয়া বলিলেন, "দেখলেন মশাই, কলির ধর্ম্ম দেখলেন? যাতায়াত লইয়া পাঁচ মিনিটের মধ্যে পাঁচ সহস্র টাকা উপায় করিয়া লইলেন, আর আমার বেলাই ফাঁকি! দেশে আর ধর্ম্ম নাই! মশাই, দেশে আর ধর্ম্ম নাই! আর চাকরীর চেয়ে হীনকার্য্য জগতে আর কিছু নাই। আমি যদি রাজাবাহাদুরের চাকর না হইতাম উহার সহিত খেলিতে পারিতাম, আর এই সব টাকা অন্য লোকে না পাইয়া আমিই পাইতাম! মাড়োয়ারীরা বলে, নকরি করা আর নসীব বেচডালা দুই-ই এক জিনিস! যাহাতক নকরি করিয়াছ, তাঁহাতক নসীব বেচিয়াছ। এ কার্য্য অতি নীচ। দেখুন না মশাই, আমাদের দেশে গন্ধবণিক্‌রা কোন অবস্থায় নকরি করিবে না, ফিরি করিয়া দাঁতের মাজন

কুসুম-ফুলের রং বেচিবে, তবু চাকরি করিবে না। দেখুন মশাই, আপনাকে দেখিয়া বোধ হইতেছে যে, আপনি এক জন বিশিষ্ট ভদ্রলোক। আধুনিক দাগাবাজি ও জুয়াচুরি আপনাকে এখনও স্পর্শ করে নাই। আপনি কিছু টাকা লইয়া আসুন, আপনাকে আমি সাহায্য করিব। এই বোকাচন্দ্র রাজাবাহাদুরের নিকট হইতে কিছু টাকা উপায় করিয়া যান, আমাকে কিঞ্চিৎ দিবেন, তাহা হইলেই সন্তুষ্ট হইব। আমি নিজের জন্য ভাবি না, আমার এক চৌদ্দ বৎসরের অবিবাহিতা কন্যা। যেখানেই যাই, সাত আট হাজারের কম কেহ বলে না। কলির ব্রাহ্মণ চণ্ডাল অপেক্ষাও অধম। বরের বাপের পায়ে ধরিয়া কাঁদিলেও কিছু দয়ার উদ্রেক হয় না।"

কৈলাস শাস্ত্রী।—প্রথম, আমি খেলা জানি না। দ্বিতীয়, টাকা কোথায় পাইব?

রসিকলাল।—মশাই, খেলার কথা যাহা বলিলেন, আমি আপনাকে শিখাইয়া দিব। অতি সহজ জিনিষ। আপনার ন্যায় তীক্ষ্ণবুদ্ধি বিচক্ষণ লোক ১০ মিনিটের মধ্যেই শিখিয়া লইবেন। আর যে টাকার কথা বলিলেন, উদ্দেশ্য মহৎ হইলে টাকার কখন অভাব হয় না। আমার ন্যায় সৎব্রাহ্মণের কন্যাদায়ের সাহায্য করিবেন, আপনার টাকা জুটিয়া যাইবেই যাইবে। আর টাকা প্রয়োজন চার পাঁচ ঘণ্টার জন্য। আপনি টাকা লইয়া আসিবেন, খেলিবেন, জিতিবেন আর বাড়ী ফিরিয়া গিয়া সুদ সমেত যাহার টাকা, তাহাকে গিয়া ফেরত দিবেন।

কৈলাস।—মশাই, অল্পসময়ের জন্য টাকা কোথায় পাইব? স্ত্রীর গায়ে তত অলঙ্কারপাতি নাই—যাহা হইতে চার পাঁচ হাজার টাকা হইতে পারে। দুইটি বিবাহিতা কন্যা আমার বাড়ীতে আসিয়াছে,

তাহাদের গহনাপত্র আছে ; কিন্তু তাহাদের গা হইতে ত গহনা খুলিয়া লইব না।

রসিক।—কেন মশাই, তাতে দোষটা কি ? আপনি ত একেবারেই লইতেছেন না। মনে করিবেন, বাক্সতেই তোলা আছে। আর এ খেলায় হারজিত নাই ; নিরবচ্ছিন্ন জিত। যেমন মৃত্যুই ধ্রুব সত্য, মানুষ জন্মালেই মরিবেই মরিবে, তেমনই এই হবচন্দ্র রাজার সহিত খেলিলে জিত ধ্রুব সত্য—জিত হইবেই হইবে। আপনি জানেন, দুই আর দুইয়ে চার হয়, কখন সাড়ে তিনও হয় না, সাড়ে চারও হয় না, ইহা গণিত শাস্ত্রের অভ্রান্ত সত্য। সেইরূপ আপনি ৫ হাজার টাকা লইয়া আসিলে ৪ বাজী খেলিয়া ১০ হাজার টাকা। ১ হাজার টাকা আমার কন্যাদায়ের জন্য, বাকি হাতে থাকিবে ৯ হাজার টাকা। যাহাদের নিকট হইতে টাকা লইয়া আসিবেন, তাহাদের পূরো টাকা ফেরৎ দিলেও ও সুদ দিলেও প্রায় কিছু কম চার সহস্র টাকা আপনার কাছে থাকিবে। দেখুন মশাই, আপনি যদি ৫ হাজার টাকা পূরা জোগাড় করিতে না পারেন, ৪ হাজার টাকা জোগাড় করিয়া লইয়া আসুন। আমি এই হবচন্দ্র রাজার তহবিল হইতে হাজার টাকা আপনাকে ধার দিব। যাক্ মশাই, কার্য্য ফতে। জয় মা তারা ব্রহ্মময়ী ! পরশ্ব বেলা ৩টার সময় আসিবেন। ইতিমধ্যে টাকা জোগাড় করিবেন। আর আপনার কেন ক্ষতি হইবে ? অদ্যকার দর্শনী ৮৲ আট টাকাও লইয়া যান।

কৈলাস শাস্ত্রী এই স্থান পরিত্যাগ করিয়া বাটী যাইবার সময় অনেক কথা ভাবিতে লাগিলেন। পাঁচ হাজার টাকা ! এ ত কখন শোনা যায় নাই। আমি চির-জীবনে ৫ হাজার টাকা সংস্থান করিতে পারি নাই, আর ঐ আগন্তুকটি আসিল, খেলিল, জিতিল, পাঁচ হাজার টাকা লইয়া গেল। যাহাই হউক, আমি যেমন করিয়া পারি, টাকা জোগাড়

করিব। গৃহিণীকে বলিয়া তাহার গহনা ও কন্যা দুইটির গহনা বন্ধক দিয়া ৪ হাজার টাকা সংগ্রহ করিব। সুদ খালি একদিনেরই যাবে। যাহারা টাকার বাচ্ছা পাড়ায়, সুদখোর মহাজন. তাহারা ত তাহাদের প্রাণ ছাড়িতে পারিবে, কিন্তু সুদ ছাড়িতে পারিবে না। তাহারা ত আর দু ঘণ্টার সুদ লইবে না, এক দিনেরই পূরা সুদ লইবে। যাহা হউক, রাজবাহাদুরের সংসারটি ধর্ম্মের সংসার। লোকগুলিও সব খুব ভাল। আজকের দর্শনী আমি চাহি নাই, তবু দিলে।

এই ভাবিয়া তিনি বাড়ী ফিরিলেন এবং তাঁহার স্ত্রীর সহিত পরামর্শ করিয়া ৪ হাজার টাকা সংগ্রহ করিলেন। স্থিরীকৃত দিনে রাজবাহাদুরের প্রাসাদে আসিলেন; ম্যানেজারের (রসিক বাবুর) সহিত সাক্ষাৎ করিলেন। তিনি পূর্ব্ব-কথামত কবিরাজ মহাশয়কে ১ হাজার টাকার নোট দিলেন, আর খেলাটি শিখাইয়া দিলেন। আরও বলিলেন আমি, পাশেই থাকিব, আপনার খেলার ভুল হইলে তাহা সংশোধন করিয়া দিব।" তারপর রাজবাহাদুরকে খবর দেওয়া হইল। পূর্ব্বেকার দিনের মত দালাল সব সেইখানে অপেক্ষা করিতেছিল—বাড়ীর দালাল, জমিদারী দালাল, জহরতের দালাল, নানাবিধ পণ্যদ্রব্যের দালাল উপস্থিত ছিল।

রাজবাহাদুর আসিলে পর খেলা আরম্ভ হইল। প্রথমেই রাজা-বাহাদুর হারিলেন। কবিরাজ মহাশয় ২ হাজার টাকা জিতিলেন। তাহার পর রাজাবাহাদুর পুনরায় হারিলেন ৬ সহস্র টাকা, দুই দফা খেলায় ৮ হাজার টাকা লাভ। রাজাবাহাদুর বলিলেন, "আমি নিশ্চয়ই খেলায় ভুল করিতেছি, দুবারই হারিলাম, আজ আর খেলিব না, আপনি আগামী কল্য আসিবেন।"

রসিক বাবু কৈলাস শাস্ত্রীর কাণে কাণে বলিলেন, "এ সুযোগ ছাড়িবেন না খবরদার খবরদার, রাজাকে খেলিবার জন্য পুনরায়

ম্যানেজার।—কবিরাজ মহাশয়, যা হবার, তা হইয়া গিয়াছে। অপর এক দিন হৃত অর্থের পুনরুদ্ধারের চেষ্টা করুন। এই সেরেস্তার নিয়মমত একখানি হ্যাণ্ডনোট লিখিয়া দিন। ইহাতে লেখা থাকিবে, আপনি স্বইচ্ছায় এই খেলা খেলিয়াছেন। কাহারও অনুরোধে উপরোধে নয়। ৩ হাজার টাকা আপনার নাই, সেই জন্য হ্যাণ্ডনোট লিখিয়া দিতেছেন, সুবিধা হইলে আপনি টাকা দিয়া হ্যাণ্ডনোট উদ্ধার করিবেন। শাস্ত্রী মহাশয়, এ ধর্ম্মের সংসার, হ্যাণ্ডনোটের যাহাতে শীঘ্র নালিস না হয়, তাহা দেখিব। আর একদিন খেলিয়া এই টাকা শোধ দিবেন। আর নগদও পাঁচ সাত দশ হাজার লইয়া যাইবেন। কি বলেন ?

শাস্ত্রী মহাশয় হতভম্ব হইয়া বহিলেন এবং খাজাঞ্জি মহাশয় ৩ হাজার টাকার একটি হ্যাণ্ডনোট প্রস্তুত করিয়া আনিলে যমদূতের দিকে চাহিলেন আর বিনা বাক্যব্যয়ে হ্যাণ্ডনোটটি সই করিয়া দিলেন।

এই খেলাটি এইরূপ যে, ঠিক খেলা হইলেই বাহিরের খেলোয়াড় প্রত্যেক দানেই জিতিবে ; কিন্তু খেলার ঘুঁটির মধ্যে দুই একটি সরাইয়া লইলে আগন্তুকের অব্যর্থ হার, রাজাবাহাদুরের অব্যর্থ জিত। কিরূপ করিয়া প্রত্যেক আগন্তুক হারিয়া যায়, তাহা বুঝাইয়া দিবার জন্য খেলার বিস্তৃত বিবরণ নিম্নে দিলাম।

এমন কোন সংখ্যা—যাহাকে ৪ দিয়া ভাগ দেওয়া যায় এবং কোন অবশিষ্ট থাকে না, সেইরূপ সংখ্যার ঘুঁটি লইয়া খেলা আরম্ভ হয়। তাহার মধ্যে একটি ঘুঁটি প্রথম নম্বর ঘোড়া, দুইটি ঘুঁটি দ্বিতীয় নম্বর ঘোড়া এবং তিনটি ঘুঁটি তৃতীয় নম্বর ঘোড়া বলিয়া ধরা হয়। যথা—৪৮টি ঘুঁটি লওয়া হইল। ইহা হইতে একটি ঘুঁটি এক নম্বর, দুইটি দুই নম্বর, তিনটি তিন নম্বর, এই ১ নম্বর, ২ নম্বর, ৩ নম্বর মিলিয়া ৬টি ঘুঁটি ৪৮টি ঘুঁটি

হইতে লইয়া তিনটি পৃথক্ পৃথক্ থাকে টেবিলের উপর রাখা হইল। অবশিষ্ট ৪২টি ঘুঁটি রাজাবাবুর কোঁচড়ে থাকিল। টেবিলটিকে ঘোড়-দৌড়ের মাঠ হিসাবে ধরা হইল। যে বাবুটি খেলিতে আসিলেন, তাঁহাকে ঐ ১, ২, ৩ নম্বর ঘোড়ার যে কোনটি ধরিতে বলা হইল। এখন তিনি যদি ১ নম্বর ঘোড়া ধরেন, এই একটি ঘুঁটি অন্য ঘুঁটির ( যাহা কোঁচড়ে ছিল ) সহিত মিশাইয়া দেওয়া হয়। ইহাকেই Running the race বলে। কোঁচড়ের ৪২টি ও ১ নম্বর ১টি মিশাইয়া ৪৩টি হইল। এখন এই ৪৩কে যদি ৪ দিয়া ভাগ করা হয়, তাহা হইলে ৩ অবশিষ্ট থাকে। অর্থাৎ তিন নম্বরের ঘোড়া মাঠে পড়িয়া রহিল। অতএব বাবুটি ১ নম্বর ঘোড়া ধরায় এবং সেই ঘোড়া মাঠে পড়িয়া না থাকায় তিনি খেলায় জিতিলেন!

এখন যদি তিনি ২ নম্বরের ঘোড়া ধরেন, তাহা হইলে সেই দুইটি ঘুঁটি ৪২টি ঘুঁটির সহিত মিলিয়া ৪৪টি হইল। ইহাকে ৪ দিয়া ভাগ দিলে ভাগশেষ কিছুই থাকে না। এ ক্ষেত্রে কেহই জিতিল না। কারণ, কোন ঘোড়াই মাঠে পড়িয়া রহিল না।

এখন ধরুন, বাবুটি ৩ নম্বরের ঘোড়া ধরিয়াছেন। এ ক্ষেত্রে ৪২টি আর ৩টি ঘুঁটি লইয়া ৪৫টি হইল। ইহাকে ৪ দিয়া ভাগ করিলে ১ অবশিষ্ট থাকে। অর্থাৎ ১ নম্বরের ঘোড়া মাঠে পড়িয়া রহিল, বাবুটি ৩ নম্বরের ঘোড়া ধরায় তিনি জিতিলেন।

তাহা হইলেই দেখা যাইতেছে, বাবুটি ১ নম্বরের কিম্বা ৩ নম্বরের ঘোড়া যেটিই ধরুন, সেইটাতেই জিতিবেন। আর যদি ২ নম্বরের ঘোড়া ধরেন, তাহাতে তাঁহার কোন লোকসান হইবে না। বাবুটি যখন দেখিলেন যে, তাঁহার হারিবার কোন রকম সম্ভাবনা নাই, তখন তিনি খেলিতে রাজি হন।

এইবার রাজাবাবুর দলের লোক রাজাকে খেলিবার জন্য সাধ্যসাধনা করিয়া ডাকিয়া আনে। যদি বাবুটির কাছে নগদ টাকা থাকে, তবেই রাজাবাবু খেলাতে মত দেন। তখন বাবুটির সঙ্গে রাজাবাবুর খেলা আরম্ভ হয়। প্রথম প্রথম প্রতি খেলাতেই আগন্তুক বাবুটি স্বতঃসিদ্ধভাবে জিতিতে থাকিলে, তিনি একটু বিশেষ উত্তেজিত হইয়া পড়েন। তখন ম্যানেজার বাবু বাবুটিকে ঘুঁটি গুণিতে এবং ৪ দিয়া ভাগ করিতে সাহায্য করেন। এই সময় ম্যানেজার বাবু কয়েকটি ঘুঁটি সরাইয়া ফেলেন। কয়টি ঘুঁটি সরাইতে হইবে, তাহা ম্যানেজার বাবুর ভালরূপেই জানা আছে। যেমন উল্লিখিত কোঁচড়ের ৪২টি ঘুটি হইতে ম্যানেজার বাবু ২টি ঘুঁটি সরাইলেন,কেন না, বাকী ৪০ ঘুটি ৪ দিয়া ভাগ দিলে ভাগশেষ কিছুই থাকে না। এ ক্ষেত্রে বাবুটি যদি এক নম্বরের ঘোড়া ধরিয়া থাকেন, তাহা হইলে এই ৪০টি ঘুটির সহিত তাঁর ঘোড়াটি অর্থাৎ একটি ঘুঁটি মিশাইলে ৪১টি হয়। ইহাকে ৪ দিয়া ভাগ দিলে ভাগশেষ এক থাকে অর্থাৎ এক নম্বরের ঘোড়া মাঠে পিছাইয়া পড়িয়া রহিল এবং কাজেই বাবুটিকে হারিতে হইল।

যদি তিনি দুই নম্বরের ঘোড়া ধরিতেন, তাহা হইলে সর্ব্বসমেত ৪০+২=৪২ রহিল, ইহাকে ৪ দিয়া ভাগ দিলে ২ই অবশিষ্ট থাকিল, অর্থাৎ ২ নম্বরের ঘোড়া মাঠে পিছাইয়া পড়িয়া রহিল, এ ক্ষেত্রেও বাবুটি হারিলেন।

যদি ৩ নম্বরের ঘোড়া ধরিতেন, তাহা হইলে ঐরূপ ৪০+৩=৪৩, ইহাকে ৪ দিয়া ভাগ দিলে ৩ ভাগশেষ থাকে, অর্থাৎ ৩ নম্বরের ঘোড়া পিছাইয়া পড়িল। বাবুটি আবার হারিলেন।

এ ক্ষেত্রে দেখা যাইতেছে, বাবুটি যে কোন ঘোড়াই ধরুন, দুইটি ঘুঁটি সরাইয়া লওয়ার দরুণ প্রতিবারেই বাবুটি হারিলেন।

কন্দর্প আচার্য্য ও সর্ব্বভুক্ অনেক দিন ধরিয়া এইরূপ নওসেরিয়া দল চালাইল। সব বিষয়ে সুবন্দোবস্ত রাখায় এইরূপে দিনে ডাকাতি করিয়াও ধরা পড়িল না। এইরূপ অসদুপায়ে বহু লোককে ঠকাইয়া প্রভূত অর্থো পার্জ্জন করিল। কিন্তু অসৎ উপায়ে উপার্জ্জিত অর্থ প্রায় থাকে না। যখন তাহাদের নাম বিশেষ জাহির হইয়া পড়িল, অবস্থাবিশেষে তাহাদের নামে দুই একটি মামলাও রুজু হইল, কিন্তু প্রমাণ অভাবে এবং যথেষ্ট অর্থ খরচের বলে তাহাদের অব্যাহতিলাভ হইল। ১৫।১৬ বৎসর ধরিয়া এইরূপ জুলুম করিয়া তাহারা দুজনে বেশ কারবার চালাইয়া দিল। কিন্তু ভগবানের রাজত্বে ইহা প্রায় দেখা যায়, ঘোর পাপী ও নারকী আইনের হাত হইতে অনেকবার অব্যাহতি পাইয়াছে, অনেক ঘোরতর পাপ করিয়া মনুষ্য-বিচারালয়ে খালাস পাইয়াছে; কিন্তু যখন পাপের বোঝা পূর্ণ হইল, তখন সামান্য অপরাধে অধিক সাজা পাইল।

যখন পাপী ভাবিতেছে, আমি ক্রমান্বয়ে মানুষ-বিচারককে ফাঁকি দিয়া আসিতেছি, মানুষের চোখে ধূলা দিয়া ক্রমান্বয়ে অব্যাহতি পাইয়া আসিতেছি, যখন পাপী এই ভাবে বিভোর, আত্মপ্রসাদে মজগুল হইয়া আছে, তখন একটা অতি সামান্য অপকর্ম্মে সে সাজা পায়। ক্রমান্বয়ে গুরুপাপে অব্যাহতি পাইয়া শেষে অতি সামান্য—লঘুপাপে গুরুদণ্ড প্রাপ্ত হয়। পাপের বোঝা ক্রমান্বয়ে ভরপুর হইয়া সে সামান্য একটা ভুলে আজন্ম-পাপের সাজা একেবারে পায়। কর্ম্মের ফল ভুগিতেই হইবে; তবে দুদিন পূর্ব্বে কিম্বা দুদিন পরে। ১৬ বৎসর ধরিয়া মানুষ ঠকাইয়া কন্দর্প অব্যাহতি পাইল। সর্ব্বশেষে এক জন চীনা কন্‌ট্রাক্টরকে রাজ-প্রাসাদ প্রস্তুত করিবার জন্য বল্লভপুরে লইয়া গেল এবং গঙ্গার গর্ভে এক প্রকাণ্ড জমিখণ্ড দেখাইয়া বলিল, ইহাতে অট্টালিকা প্রস্তুত হইবে। সেই চীনা মিস্ত্রীকে কাঠের কাজের জন্য Contract দেওয়া হইবে। তবে

পূর্ব্ব হইতে তাহাকে জানা নাই, সেই কারণে কন্দর্পের কাছে তাহার ৩ হাজার টাকা গচ্ছিত রাখিতে হইবে। এইরূপ টাকা জমা লইয়া তাহাকে তাড়াইয়া দিল। লেখাপড়া হইবার কথা ছিল, কিন্তু হয় নাই। চীনা কন্‌ট্রাক্টরটি অনেক দিন ঘুরিয়া ফিরিয়া যখন দেখিল, টাকা আদায়ের কোন সুবিধা হইল না, তখন ম্যাজিষ্ট্রেটের কোর্টের নালিশ করিয়া দিল —প্রতারণার অজুহাতে।

নালিশও রুজু হইল, ওয়ারেণ্টও বাহির হইল ; কিন্তু আসামী আর ধরা পড়ে না, আমি ফরিয়াদীর উকিল ছিলাম। ৩ মাস ধরিয়া যখন আসামীর ধরা পড়ে না, তখন আমি ডিটেক্‌টিভ ডিপাটমেণ্টের ডেপুটী কমিশনার স্বর্গীয় বার্ড ( Mr. L. N. Bird.) সাহেবকে সমস্ত কথা বলিলাম এবং তাঁহাকে অনুরোধ করিলাম, যখন পুলিশ-কর্ম্মচারীদের প্রত্যেক মাসিক অধিবেশনে হুগলী সুপারিণ্টেণ্ডেণ্টের সহিত দেখা হইবে, তখন যেন এই ওয়ারেণ্টের জারি না হওয়ার কথা তাঁহার কর্ণগোচর করেন। বার্ড সাহেব তাহাই করিলেন। ফলে সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব হুকুম দিলেন যে স্থানীয় ইনস্পেক্টার যদি ৭ দিনের মধ্যে কন্দর্পকে গ্রেপ্তার না করে, তবে তিনি বিশেষ রুষ্ট হইবেন। এই হুকুমের ফলে ৩ দিনের মধ্যে কন্দর্প কোর্টে হাজির হইল।

মোকর্দ্দমা চলিল। তাহার জবাব হইল, চীনেম্যান ৩ হাজার টাকা জুয়ায় হারিয়ে গিয়াছে, কার্য্যের জন্য জমা দেয় নাই।

প্রথমে শুনা গেল, জুয়া প্রমাণ করিতে এক জন বিশিষ্ট ভদ্রলোক আসামীর সাক্ষিরূপে আসিতেছেন, কিন্তু কার্য্যকালে তাঁহার সরকার আসিল, তিনি নিজে আসিলেন না। জেরায় সরকারটি মিথ্যাবাদী বলিয়া প্রমাণিত হইল। কন্দর্পের সহিত আমার পরিচয় ছিল। কোন এক সভায় আমরা দুইজনেই ছিলাম। কন্দর্প আসিয়া এই মামলার কথা

তুলিলে আমি বলিলাম,—"কন্দর্পবাবু, আমাকে মাপ করিবেন। আমি ফরিয়াদীর উকিল হইয়া এ মামলার কথা কহিতে পারিব না। তবে আপনার খাতিরে আমি এইটি করিতে পারি, যদি আপনি চীনাকে ১৫ শত টাকা দেন, আমি অনুরোধ করিয়া মামলা তুলিয়া লইতে পারিব। কিন্তু যদি আপনি মনে করেন যে, আমি ফরিয়াদীর উকিলরূপে আপনার উপর চাপ দিয়া এই টাকাটি আদায় করিয়া দিলাম, তাহা হইলে এই টাকা দিবেন না।"

সে আম্‌তা আম্‌তা করিয়া চলিয়া গেল, কিন্তু আর কোন দিন আসিল না। শেষে মামলা চলিল। কন্দর্প দোষী সাব্যস্ত হইল এবং তাহার সশ্রম ১৮ মাস কারাদন্ডের আদেশ হইল। এই রায়ের বিরুদ্ধে কন্দর্প হাইকোর্টে আপীল করিয়াছিল এবং আরও কিছু খরচ হইয়াছিল; কিন্তু ফলে কিছুই হইল না। নিম্ন আদালতের রায় বজায় রহিল। নিম্ন আদালত ও উচ্চ আদালত মিলাইয়া তাহার ৮ হাজার টাকা খরচ হইয়াছিল। অধিকাংশ ঘৃণিত পাপীদের শেষ সাজা এইরূপই হইয়া থাকে।

পাঠক-পাঠিকাগণ বলিতে পারেন, প্রকাশ্যভাবে এই জুয়াচুরি চলিতেছে, হাজার হাজার লোক ঠকিতেছে, সর্ব্বস্বান্ত হইতেছে, তথাপি ইহার দমন হইতেছে না, এত বড় রাজার রাজত্বে পাপকার্য্য বন্ধ হইতেছে না কেন? তাহার কারণ—

প্রথম।—এই নওসেরিয়া দলের লোকরা এমনভাবে কার্য্য করে, সে ব্যতীত অন্য কেহ কাহার দলের লোক এখানে উপস্থিত থাকে না। কাজেই সাক্ষ্যপ্রমাণের অভাব হয়। জুয়া খেলা প্রমাণ করিতে হইলে যে সব সাক্ষ্যের প্রয়োজন, তাহার অভাব। কারণ, সব লোকই অপর পক্ষের।

দ্বিতীয়।—প্রতারণার ধারায় (Section 420 I. P. C.) ইহাদের চালান দিলেও প্রমাণের অভাব। কারণ, জুয়ারীরা এক জনের অধিক অপর পক্ষের লোককে সে স্থানে রাখে না।

তৃতীয়।—যাহাদের মনে মনে নিজেকে বুদ্ধিমান্ বলিয়া অভিমান আছে, তাহারা ঠকিয়াও প্রকাশ করিতে চাহে না যে, তাহারা ঠকিয়াছে। কিল খাইয়া কিল চুরি করিতে চায়। সেয়ানা বলিয়া অভিমান, কাজেই প্রতারিত হইয়াছে বলিয়া কাহারও নিকট নিজ স্বল্পবুদ্ধিমত্তা প্রকাশ করিতে চায় না।

চতুর্থ।—এই নওসেরিয়া দলের চর চতুর্দ্দিকে ঘুরিতেছে, তুমি থানায় যাইতেছ, তুমি উপরওয়ালাদের নিকট নালিশ করিতেছ, সব তাহারা খবর রাখে। যতদূর পারে, প্রতারিতকে স্তোক দিয়া রাখে। যখন দেখে, "শিকার" কিছুতেই বাগ মানিতেছে না, কিম্বা তাহার পিছনে লোক জুটিয়াছে, তখনই বলে, "মাছি লাগিয়াছে, জাল তোলো।" লুণ্ঠিত সম্পত্তির কিঞ্চিৎ অংশ ফিরাইয়া দিয়া প্রতারিত ব্যক্তিকে ঠাণ্ডা করে।

পঞ্চম।—আইন ঠিক আছে, কিন্তু সেই আইনটি বলবৎ করিতে যে সব কার্য্য করিতে হইবে, তাহার লোকের অভাব কিম্বা সেই সব লোক অন্য কার্য্যে অধিক ব্যস্ত থাকার দরুণ এসবগুলি দেখিতে সময় পায় না।

ষষ্ঠ।—জুয়া খেলিয়া সকলেই হৃতসর্ব্বস্ব হয়, ইহা সকলেই জানে। সকল সময়েই সকল যুগেই শকুনির আধিপত্য আছে। মহাভারতের সময়েই যে শকুনির প্রাদুর্ভাব ছিল, তাহা নয়, এখনও পর্য্যন্ত প্রাদুর্ভাব আছে। ভদ্রলোকও জুয়া খেলিতে ব্যস্ত। মহাভারতের সময় কুরুপাণ্ডব ছিল, এখন তাঁহাদের বংশধররা বা স্থলাভিষিক্ত লোকরা আছেন। জুয়া খেলিবার জন্য সকলেই ব্যস্ত, ইচ্ছা করিয়া পতঙ্গরূপে আগুনে ঝাঁপাইয়া

পড়িতেছে। সেই কারণে যত দিন না মানুষের শিক্ষার উন্নতিলাভ হয়, যত দিন মানুষ বিশেষরূপে ধর্ম্মশিক্ষা পায়, তত দিন কোন আইনই এই বহ্নিমুখবিবিক্ষু পতঙ্গগুলিকে রক্ষা করিতে পারিবে না। যত দিন না মানুষ বুঝিবে, ভগবানের ইহা অভিপ্রেত নহে যে, মানুষ বিনা পরিশ্রমে বিনা চেষ্টায়, বিনা কর্ম্মে প্রভূত অর্থ উপার্জ্জন করিবে, তত দিন মানুষ লাভ করিতে গিয়া ক্ষতিগ্রস্ত হইবেই হইবে।

এই জুয়াচুরি খেলায় হার ত' নিশ্চয়। তাহার উপর লাভ প্রহার, কাড়িয়া লওয়া, ভীতিপ্রদর্শন ইত্যাদি। দুঃখের বিষয়, প্রত্যহ লোক শুনিতেছে, জানিতেছে, হারিতেছে, তথাপি এই নওসেরিয়া দলের "শিকারের" অভাব হইতেছে না; তাহার কারণ, লোকের প্রভূত ধনলিপ্সা, ধর্ম্মহীন শিক্ষা, যেন তেন প্রকারেন অর্থ উপার্জ্জনের স্পৃহা, ভগবানে বিশ্বাসের অভাব, নিজের বুদ্ধিমত্তার উপর অগাধ বিশ্বাস। ধারণা, যেন তেন প্রকারেণ কিঞ্চিৎ অর্থ সংগ্রহ করিতে পারিলেই সুখী হইতে পারিবে। তাহা হয় না, তাহা হইবার নহে। জগদীশ্বরের বিশ্বরাজ্যে অধর্ম্মের উপর অধিষ্ঠিত ভিত্তিতে সাময়িক কিছু সুবিধা হইতে পারে, কিন্তু শেষ পর্য্যন্ত বিশেষ শান্তিপ্রদ ফল পাওয়া যায় না।

# পঞ্চদশ কথা

## হতভাগিনী

চক্‌চক্‌ করিলেই সোনা হয় না, এই বাক্যটি অনেক বিষয়েই খাটে। বাহ্য চাক্‌চিক্য দেখিয়া ভিতরে প্রকৃত বস্তু আছে, এইরূপ বোধ করার অপেক্ষা ভ্রান্ত বিশ্বাস আর হইতেই পারে না। হতভাগিনী বারবনিতাদের সম্বন্ধে এই কথা বিশেষরূপে খাটে। তাহাদের বাহ্য সৌন্দর্য্য দেখিলে মনে হয়, তাহারা না জানি কতই সুখে আছে! পয়সাতে যাহা পাওয়া যায়, সে সমস্তই বিশেষরূপ উপভোগ করিতেছে। তন্ন তন্ন করিয়া দেখিতে গেলে নামে ও কামে উভয়েই তাহারা অতিশয় হতভাগিনী। তাহাদের জীবন মরুভূমি অপেক্ষাও ধূ ধূ করিতেছে, কুত্রাপি সুখ-শান্তি নাই। দুই পাঁচ জন পুরুষকে তাহারা যেমন কুব্যবহার করে, অনেক পুরুষের ব্যবহারেও তাহাদের বিষময় জীবনকে আরও বিষময় করিয়া তোলে। অনেক অনভিজ্ঞ যুবক তাহাদের রূপের মোহে তাহাদের কবলে পতিত হয় এবং যথাসর্ব্বস্ব হৃত হয়। অপর পক্ষে তাহাদের যৎসামান্য স্বর্ণ-রৌপ্যের অলঙ্কার বদমায়েস ও খুনীদের দৃষ্টি আকর্ষণ করে। অনেক স্থলে এরূপ দেখা গিয়াছে, তিন জন চার জন ও ততোধিক বদমায়েস একত্র হইয়া পরামর্শ করিতেছে, কি করিয়া চুরি-ডাকাতির দ্বারা অর্থ উপার্জ্জন করিবে। এইরূপ বিষয় চিন্তা করিতে করিতে তাহারা দেখিল —অর্থ-উপার্জ্জনের এক বিশেষ সহজ উপায় আছে। আত্মীয় বলিতে এ জগতে বেশ্যাদের কেহই নাই। অনেক সময়েই বেশ্যাদের যে মাতা থাকে, তাহারা উপমাতা অর্থাৎ গর্ভধারিণী মাতা নহে, পালনকারিণী

মাতা। এই শ্রেণীর মাতাকে স্নেহ-মমতা কখন পীড়া দেয় না। স্নেহ, ভালবাসা, মমতা কাহাকে বলে, তাহা তাহারা জানে না। জানে কেবল গোগ্রাসে আহার করিতে, আর বালিকাদের উপর অত্যাচার করিতে; আর কদর্য্য ব্যবহার করিয়া, এই সব বালিকা আত্মবিক্রয় দ্বারা যে অর্থ উপার্জ্জন করে, সেই টাকা দিয়া তাহাদের ইচ্ছানুরূপ পশুবৃত্তির জন্য মানুষ ক্রয় করিতে। এই হতভাগিনীদের মধ্যে অধিকাংশ সরস্বতী ও লক্ষ্মী কর্ত্তৃক পরিত্যক্তা। জীবনের মধ্যভাগে কিঞ্চিৎ আভরণ সংগ্রহ করিয়া লয়, এবং সেই অলঙ্কারগুলি অধিক সময়ে অন্যত্র রাখিবার স্থানাভাবে,—জীবনব্যাপী পরিশ্রমের ফল তাহাদের অর্জ্জিত অলঙ্কারগুলি নিজের শরীরেই রাখিয়া দেয়। রাখিবার অন্য স্থান নাই, অপরকে বিশ্বাসও করে না, সেই হেতু নিজ শরীরে অলঙ্কারগুলি ধারণ করিয়া রাখে।

আজ প্রায় গত ২০ বৎসর ধরিয়া দেখিতেছি, কতকগুলি চোখা চোখা বদমায়েস অর্থ উপার্জ্জনের জন্য এই শ্রেণীর বারবনিতাদের অলঙ্কারাদির উপর নজর দিয়াছে। এই দলের মধ্যে যাহারা নেতা, তাহারা ঘুরিয়া ফিরিয়া ইহাদের নামধামের তথ্য সংগ্রহ করে। তাহার পর যাহাদের সহিত একমত হইয়া কাজ করিবে, তাহাদের এক জন বা দুই জনকে এই সংবাদ-সংগ্রহের কথা বলে, উহাদের মধ্যে যখন ঠিক হয় যে, কোন্ কোন্‌টি তাহাদের বধ্য হইবে, তখন তাহাদের দলে তিন চার জন মিলিয়া প্রথম কামিনীর ঘরে, তাহার পর জটিলার ঘরে দুই এক দিন আনাগোনা করে। অনোগোনা করিয়া ঠিক করিয়া লয়—কোন্ সময় ঐ বাটীতে আসিবে এবং কখন্ কার্য্য সমাধা করিয়া ঐ বাটী পরিত্যাগ করিবে। প্রথম দুই দিন বা তিন দিন কামিনীর ঘরে আসে, মদ্যাদি পান করে, কিঞ্চিৎ খাবারও খায় এবং এক জন বাবু সাজিয়া

তথায় রাত্রির কিয়দংশ যাপন করে! অপর দুইটিকে তাহার বন্ধু বলিয়া পরিচয় দেয় এবং কামিনীর ঘরের মেঝের বিছানায় ঐ সময়টি কাটাইয়া দেয়।

অধিকাংশ সময়েই যে রমণীর অঙ্গে অনেকগুলি আভরণ আছে, তাহাকেই তাহাদের বধ্য বলিয়া ঠিক করিয়া লয়। দুই এক দিন কামিনীর ঘরে যাইবার পর, শেষ দিনে তাহারা খাদ্যের সহিত ধুতুরা, ভাঙ্গ বা অন্য কোন বিষাক্ত পদার্থ মিশাইয়া দেয় এবং স্ত্রীলোকটি অজ্ঞান হইলে, তাহারা যাহা কিছু তাহার গাত্রে গহনা ছিল, সেই সব লইয়া ঐ স্থান পরিত্যাগ করে এবং গহনাগুলি হস্তগত হইবার অব্যবহিত পরেই সেইগুলি বেচিয়া যাহা হয়, নিজেদের মধ্যে ভাগ করিয়া লয়। এই সব লোকের হাত হইতে রক্ষা পাইবার জন্য অধিকাংশ বাটীতেই বাড়ীওয়ালী রাত্রি ১২টার পর ভিতর-দিক হইতে সদর-দরজায় চাবি লাগাইয়া দেয়, আর ভোর ৫টায় সে নিজে কিম্বা অপর কোন ভাড়াটিয়ার দ্বারা চাবি খুলিয়া দেয়। এই কারণে মধ্যরাত্রিতে বাড়ী হইতে কেহ বাহির হইয়া যাইতে পারে না। বদমায়েসেরা দেখিয়া লয় যে, রাত্রিতে সদর-দরজায় চাবি দেওয়া হয় কি না এবং যদি জানিতে পারে, চাবি দেওয়া হয়, তবে সেই তালার একটি চাবি তৈয়ারী করিয়া, তাহাদের নিজেদের কাছে রাখে।

পূর্ব্বে মোটামুটি এইরূপ ভাবেই ঐ বেশ্যাগুলিকে অজ্ঞান করা হইত এবং তাহাদিগকে হৃতসর্ব্বস্ব করা হইত। কিন্তু অধুনা সর্ব্ববিষয়ের উন্নতির সঙ্গে সঙ্গে এই বেশ্যাদিগকে খুন করিবার পদ্ধতিও অনেক হইয়াছে। প্রয়োজন হইলে গলা টিপিয়া মারিয়া কাড়িয়া লয়, গলায় ফাঁস লাগাইয়াও মারিয়া ফেলে; তবে অনেক সময়েই তাহাদের চেষ্টা থাকে, শিকারকে অনেকক্ষণ অজ্ঞান রাখিয়া তাহাদের কার্য্যসিদ্ধি করা।

সব বিষয়ের একটা করিয়া মরশুম আসে। বারবণিতাকে অজ্ঞান করিয়া তাহাদের গহনা চুরিরও একটা মরশুম মাঝে মাঝে দেখা দেয়। উপর্য্যুপরি দুই চার পাঁচ মাস এইরূপ ঘটনা ঘন ঘন ঘটিয়া থাকে। আবার দুই বৎসরের মধ্যেও এরূপ একটি ঘটনাও ঘটে না। কিন্তু যখন একবার প্রকৃতির প্রবাহ বহিতে থাকে, তখন বেশ্যা ও পুলিসকে ব্যতিব্যস্ত হইতে হয়। আজ রামবাগান, কাল সোনাগছি, পরশ্ব রূপোগাছি, তার পর ভবানীপুর, হরিবর্দ্ধনের গলি, মানিকতলা স্পার ইত্যাদি স্থানে স্থানে যেখানে এই শ্রেণীর হতভাগিনীরা বাস করে, সেই সকল স্থানে এই সব ঘটনা ঘটে।

পূর্ব্বে পূর্ব্বে খাদ্যের সহিত ধুতুরা মিশাইয়া ইহাদিগকে অজ্ঞান করা হইত এবং ইহাদের যথাসর্ব্বস্ব হরণ করা হইত। তার পর, মদের সহিত মর্ফিয়ার বড়ী মিশাইয়া ইহাদিগকে অজ্ঞান করাইবার চেষ্টা করা হইত, কিন্তু অধিকাংশ স্থলেই মদের সহিত মর্ফিয়া খাইয়া ইহারা অজ্ঞান হইয়া পড়িত না, বরং উত্তেজিত হইয়া অধিক মাত্রায় চেঁচামেচি, চিল্লাচিল্লি করিত। অতঃপর আর একটা পদ্ধতি আবিষ্কৃত হইল। ইহাদিগকে মদ খাওয়াইয়া মাতাল করিয়া শেষে গলা টিপিয়া মারিয়া ফেলা হইত। কোন কোন ক্ষেত্রে বিয়ার-মদ্যের সহিত Potassium Cyanide মিশাইয়া ইহাদিগকে খাইতে দেওয়া হইত এবং অতি অল্পক্ষণের মধ্যেই তাহাদের জীবনলীলা শেষ হইত। Potassium Cyanide ভয়ঙ্কর বিষ। ডাক্তারদের মতে, যে হতভাগ্য বা হতভাগিনী ইহা গলাধঃকরণ করিয়াছে, সে মাথা ঘুরিয়া পড়িয়া যায়, এই বিষের কার্য্য খুব শীঘ্র হয়—২ হইতে ১০ মিনিটের মধ্যে কার্য্যশেষ। এই বিষটি মারাত্মক।

১৯২০ খৃঃ অব্দে লালমোহন কর্ম্মকার এবং শচীনন্দন শাহা ও আর এক জন জ্ঞানেন্দ্রচন্দ্র ভৌমিক ওরফে জয়ন্তীকুমার ভৌমিক, এই তিন

জন আসামী একসঙ্গে মতলব করিয়া, ছয়টি খুন করার অপরাধে ধৃত হয় ও তাহাদিগকে আদালতে চালান দেওয়া হয়। তাহারা যে অপরাধগুলি করে, সেগুলির ঘটনা ১৯১৭ হইতে ১৯১৯ খৃঃ অব্দে। প্রত্যেক ঘটনার তারিখগুলি, ও যে ছয়টি স্ত্রীলোক খুন হয়, তাহাদের নাম ও ঠিকানা এইরূপ :—

(১) মানদাবালা দেবী, ৩০৭, আপার চিৎপুর রোড, ২-৯-১৭।

(২) সুরবালা, ৪০নং শিবতলা লেন, ঢাকাপটী, ২১-২-১৮।

(৩) কৃষ্ণা, ২৯৫এ, আপার চিৎপুর রোড, ৪-৬-১৮।

(৪) ননীবালা, ৪৭নং ব্রজদুলাল ষ্ট্রীট, ৯-৪-১৯।

(৫) সুবাসিনী দাসী, ২০নং দয়াল মিত্র লেন, ৩-১২-১৯।

(৬) যামিনী, সত্যপীরতলা, কালীঘাট, ৪-১০-১৮।

ইহাদের প্রত্যেকেরই গায়ে অলঙ্কার ছিল, সেই জন্য দুর্ব্বৃত্তরা ইহাদিগকে বাছিয়া লইয়াছিল।

যেমন যেমন ঘটনাগুলি ঘটে, থানাতে রিপোর্ট হয়, কিন্তু কেহই তখন আসামীর নাম দিতে পারে নাই, শেষ ঘটনাটি সম্বন্ধে আসামীর নাম পাওয়া যায় এবং গোয়েন্দা বিভাগের ইন্‌স্পেক্টার মহেন্দ্রনাথ মুখোপধ্যায়, যিনি তার পর Assistant Commissioner, North District হন ও পরে রায়সাহেব হন। তিনি তদারক করিবার সময় দেখিলেন, সব ঘটনা একই রকমের। অর্থাৎ প্রত্যেকটিতেই অলঙ্কারাদি দেখিয়া বধ্যকে বাছিয়া লওয়া হয় এবং তাহাদিগকে প্রাণে হত্যা করিয়া সমস্ত অলঙ্কার চুরি করা হয়। আর প্রত্যেক নিহত নারীর ঘরে দুই তিন দিন দুই তিন জনে যাইয়া তবে এ কার্য্য সমাধা হয়। ১৯১৭ খৃষ্টাব্দ হইতে এইরূপ খুন করিয়া চুরির যতগুলি মামলা হইয়াছিল, সবগুলির রিপোর্ট বাহির করিয়া, তিনি পুনরায় নূতন করিয়া তদারক

আরম্ভ করিলেন। যে যে বাড়ীতে এই ঘটনাগুলি ঘটিয়াছিল, সেই সেই বাটীর লোকরা আসামীদিগকে সনাক্ত করে এবং তাহারা বলে, "যে রাত্রিতে এই বাটীর স্ত্রীলোক খুন হয়, সেই রাত্রিতে ইহারাই সেই হতভাগিনীর ঘরে আসিয়াছিল।" কতকগুলি চোরাই গহনাও ইহাদের রক্ষিতা স্ত্রীলোকদিগের নিকট হইতে উদ্ধার করা হয়। আসামীদের মধ্যে এক জনকে সরকারী তরফের সাক্ষী করিয়া লওয়া হইল। সে তদারকের সময় সমস্ত স্বীকার করিল এবং অন্যান্য আসামীর সম্বন্ধে সকল কথা বলিয়া দিল।

এই মোকর্দ্দমা ম্যাজিষ্ট্রেট সাহেব সেসন-সোপর্দ্দ করেন এবং সেখানে আসামীরা দোষ স্বীকার করিয়া ফাঁসির হাত হইতে অব্যাহতি পায় এবং যাবজ্জীবন দ্বীপান্তরের সাজা হয়। তাহারা বলে, "খুন করিব বলিয়া খুন করি নাই, খুন করিবার মতলবে খুন করি নাই, তবে এই খুনের জন্য আমরা দায়ী।"

এই মোকর্দ্দমায় তৎসাময়িক পুলিস-সার্জ্জেন মেজর এস্, পি, সিংহ যে এজাহার দেন, তাহা হইতে জানা যায়, প্রত্যেক বধ্যটিকে কিরূপ ভাবে বধ করা হইয়াছে। ইহা হইতে আরও জানা যায়, সেই ছয়টি হতভাগিনী জীবিত অবস্থায় প্রত্যেকেই দুরারোগ্য পীড়ায় ভুগিতেছিল। আসামীরা এই ছয় জন স্ত্রীলোককে ভিন্ন ভিন্ন স্থান হইতে বাছিয়া লয়। পুলিস-সার্জ্জেনের রিপোর্টে যে সব লোকের বারটান আছে, তাহাদের চৈতন্য হওয়া উচিত। পুলিস-সার্জ্জেন ম্যাজিষ্ট্রেটের সম্মুখে যে এজাহার দিয়াছিলেন, তাহার মর্ম্মানুবাদ প্রদত্ত হইল।

"আমি কলিকাতার পুলিস-সার্জ্জেন ( ডাক্তার )।

আমি গত ৩রা সেপ্টেম্বর ১৯১৭ খৃষ্টাব্দে মানদাবালা দেবী নাম্নী এক স্ত্রীলোকের শবদেহ পরীক্ষা করিয়াছিলাম। উঁহার বয়স প্রায় ৪৫ বৎসর।

উক্ত লাস আমার নিকট জমাদার মহম্মদ সফি খাঁ কর্ত্তৃক সনাক্ত হইয়াছিল। দেহটি বেশ হৃষ্টপুষ্ট। তাহার নাসিকার ভিতর রক্ত দেখিয়াছিলাম, মুখমণ্ডল নীলবর্ণ এবং দাঁতের উপর দাঁত পড়িয়াছিল। মুখগহ্বরের ভিতর এক খিলি পান অচর্ব্বিত অবস্থায় ও এক সারি কৃত্রিম দন্ত আল্‌গা অবস্থায় ছিল। গলার সামনে পৌনে দশ ইঞ্চি লম্বা সূত্র-বন্ধনের অস্পষ্ট চিহ্ন বর্ত্তমান ছিল। বেশীর ভাগই ইহা বাম দিকে প্রতীয়-মান হইয়াছিল, শবব্যবচ্ছেদের পরে দেখা গেল, ইহা শক্ত শ্বেতবর্ণ এবং মোম-কাগজের ন্যায়। তাহার শরীরে কোন কালশিরার দাগ ছিল না, সূত্রবন্ধনীর চিহ্নের মধ্যস্থিত শিরার কিম্বা উপশিরার উপরে থেঁৎলে যাওয়ার কোনরূপ লক্ষণ ছিল না, কিম্বা চর্ম্মের উপর কেবলমাত্র দুই স্থান ব্যতীত আঁচড়ের দাগ ছিল না। বক্ষ এবং স্কন্ধের সম্মুখভাগস্থ শিরাগুলি অতি স্পষ্ট ছিল। শরীরের অভ্যন্তরস্থিত অন্ত্রগুলি রক্ত দ্বারা পরিপূর্ণ ছিল। হৃৎপিণ্ডটি চর্ব্বিযুক্ত এবং সুবিস্তৃত। পাকস্থলী সুরার গন্ধযুক্ত অর্দ্ধপরিপক্ক অন্নে এবং গাঢ় রক্তে পরিপূর্ণ। দেহে পুরাতন রোগের চিহ্ন বর্ত্তমান ছিল। আমার মতে ইহার মৃত্যুর কারণ শ্বাসরোধ বলপ্রয়োগপূর্ব্বক গলনালী বন্ধ করার দরুণ শ্বাসরোধ হয়।

সন ১৯১৮ খৃষ্টাব্দের ২২শে ফেব্রুয়ারী তারিখে জমাদার রঘুবীর ওঝা কর্ত্তৃক সনাক্ত প্রায় ৩০ বৎসর-বয়স্কা সুরবালার মৃতদেহ পরীক্ষা করিয়া-ছিলাম। দেহটি বেশ হৃষ্টপুষ্ট। নাক এবং মুখ ফেনযুক্ত রক্তে পূর্ণ ছিল। মুখমণ্ডল, বক্ষের সম্মুখভাগ, বাহুদ্বয় এবং হস্তের তালুদ্বয় নীলাভ ছিল। গলদেশ পরিহিত সাড়ীর দুই অঞ্চলের প্রান্ত দ্বারা আবদ্ধ ছিল। ইহা অপসারণ করিলে পরে দেখা গেল যে, দুইটি হরিদ্রাভবর্ণের চিহ্ন গলদেশ সম্পূর্ণভাবে বেষ্টন করিয়াছে এবং ঐ চিহ্নের মধ্যবর্ত্তী ½ ইঞ্চি অংশ বিস্তৃত। গলদেশের দক্ষিণপার্শ্বস্থিত উক্ত ½ ইঞ্চি অংশ বিস্তৃত স্থানে ফোস্কা দেখা

গেল। উহা ব্যবচ্ছেদের পর উহার ভিতর কোনরূপ রসবর্ষণ বা দুষ্টব্রণ দেখা যায় নাই। আভ্যন্তরিক ইন্দ্রিয়স্থ সমস্ত রক্ত জমাট হইয়া গিয়াছিল। অন্ননালীর ভিতর চর্ব্বিত পাণ বর্ত্তমান ছিল। পাকস্থলীতে গন্ধহীন অপরিপক্ক ভাত, ডাল ও তরকারী ছিল। শ্বাসরোধই ইহার মৃত্যুর কারণ। এই স্ত্রীলোকের নাকে একটি মুক্তাসংযুক্ত সোনার নাকছাবি ছিল, তাহা উক্ত জমাদারের জিম্মা করিয়া দেওয়া হইয়াছে।

গত ১৯১৮ খৃষ্টাব্দের ৬ই জুন তারিখে জমাদার রামকুমার সিংহের দ্বারা সনাক্ত প্রায় ত্রিংশবর্ষীয়া কৃষ্ণা-নাম্নী স্ত্রীলোকের মৃতদেহ পরীক্ষা করিয়াছিলাম। মৃতদেহটি হৃষ্টপুষ্ট থাকা সত্ত্বেও পচিতে আরম্ভ করিয়াছিল। মুখমণ্ডল নীলাভ এবং স্ফীত। উপরার্দ্ধের উভয় পার্শ্বেই অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত নীলাভ, কিন্তু উহা বামদিকে অতিশয় নিবিড়ভাবে দেখা গেল। নাসারন্ধ্রের ভিতর কৃষ্ণবর্ণের তরল শোণিত দৃষ্ট হইল। সাধারণ গামছার সাড়ে তিন ইঞ্চি দৈর্ঘ্য অংশ মুখগহ্বরে ভিতরে রুদ্ধাবস্থায় পাওয়া গেল। ইহা অপসারেণ পর দেখা গেল যে, সেই গামছার কতকটা অংশ রক্ত-রঞ্জিত এবং সেই গামছাটি প্রায় ½ ইঞ্চি পুরু করিয়া ভাঁজ করা। একটি লাল পাড়ওয়ালা নীলাম্বরী সাড়ীর এক অংশ তাহার কোমরের নিম্নাংশ বেষ্টন করিয়া রহিয়াছে এবং অপর অংশটি গলদেশকে সুদৃঢ় বেষ্টনীর দ্বারা আবদ্ধ করিয়া, উহার দক্ষিণপার্শ্বে দুইটি সুদৃঢ় বন্ধনীর দ্বারা যুক্ত দেখা গেল। এই বন্ধনী খুলিয়া লইবার পর ত্বকের উপর কোনরূপ চিহ্ন দৃষ্ট হয় নাই, কিন্তু ব্যবচ্ছেদের পর দেখা গেল যে, উক্ত বন্ধনীর নিম্নস্থিত শিরাগুলি ছিন্ন হইয়া রক্ত বহির্গত হইতেছে। আভ্যন্তরীণ ইন্দ্রিয়স্থ সমস্ত রক্ত জমাট বাঁধিয়াছিল। পাকস্থলীতে সুরার গন্ধযুক্ত অর্দ্ধপক্ক অন্ন ও পীতবর্ণবিশিষ্ট তরল পদার্থ বর্ত্তমান ছিল। যকৃৎটি রোগগ্রস্ত। শ্বাসরোধে ইহার মৃত্যু সাধিত হইয়াছে। যদি কোন স্ত্রীলোকের মুখগহ্বরের ভিতর

গামছা বলপূর্ব্বক প্রবিষ্ট করিয়া দেওয়া যায় এবং তৎসহিত যদি তাহার গলদেশ চাপিয়া রাখা যায়, তাহা হইলে যতদূর সম্ভব মনে হয় যে; মুখ-গহ্বরের ভিতর বলপূর্ব্বক গামছা প্রবিষ্ট করিয়া শ্বাসরোধ করা অপেক্ষা কেবলমাত্র গলদেশ চাপিয়া রাখাতে মৃত্যু খুব শীঘ্র সাধিত হয়। শবব্যবচ্ছেদে দেখা যায় যে, গলা টিপিয়া মারিয়া ফেলিলে গলত্বকের নিম্নস্থ শিরা ও উপশিরার উপর যেরূপ কঠিন ক্ষত ও যেরূপ রক্তমোক্ষণ হইতে দেখা যায়, আর মৃত্যুর পরমুহূর্ত্তে যদি কোন লোকের গলদেশ বস্ত্র দ্বারা বন্ধন করা হয়, তাহা হইলে শবব্যবচ্ছেদের সময় একরূপই পরিলক্ষিত হয়। সেইরূপ কৃষ্ণা-নাম্নী এই স্ত্রীলোকটির প্রথমে গলদেশ প্রবল বিক্রমে চাপিয়া ধরিয়া তাহার সহিত মুখের ভিতর বলপূর্ব্বক কাপড় বা গামছা প্রবেশ করানর ফলে মৃত্যু হইয়াছে এবং মৃত্যুর পরক্ষণেই উক্ত শাড়ীর দ্বারা তাহার গলদেশ উত্তমরূপে বন্ধন করা হইয়াছিল। আমার মনে হয় যে, এইরূপ একই উপায়ে মানদার এবং সুরবালার মৃত্যু সাধিত হইয়াছে, অর্থাৎ প্রথমে তাহাদের শ্বাসরোধ করিয়া হত্যা করা হইয়াছিল এবং পরক্ষণেই শাড়ীর দ্বারা তাহাদের গলদেশ উত্তমরূপে বন্ধন করা হইয়াছিল।

গত ১৯১৯ খৃষ্টাব্দের ১০ই এপ্রেল তারিখে রামসুন্দর সিং নামক জমাদার কর্ত্তৃক সনাক্ত পঞ্চবিংশবর্ষীয়া ননীবালা নাম্নী জনৈকা বার-বণিতার মৃতদেহ পরীক্ষা করিয়াছিলাম। মৃতের মুখবিবর হইতে চিবুকের বাম কোণ পর্য্যন্ত বরাবর শুষ্ক লালা বিদ্যমান ছিল। তাহার গলদেশ একটি শাড়ীর প্রান্তভাগ দ্বারা পরিবেষ্টিত ছিল ঃ—গলদেশের সম্মুখভাগে তাহা গ্রন্থিযুক্ত অবস্থায় দেখিলাম। গ্রন্থি উন্মোচনের পর দেখা গেল যে, একটি বক্র চিহ্ন গলদেশের চতুর্দ্দিঃক ব্যাপ্ত হইয়া রহিয়াছে এবং সম্মুখ-ভাগে পূর্ব্ববর্ণিত বন্ধনীর চিহ্ন ব্যতীত অন্য কোন চিহ্ন দেখা যায় নাই।

গ্রীবার পশ্চাদ্ভাগে কোন উল্লেখযোগ্য চিহ্ন ছিল না। ব্যবচ্ছেদের পর উক্ত স্থানের নিম্নাবস্থিত শিরা বা উপশিরার উপর ঘর্ষণজনিত কোনরূপ ক্ষত বা তাহা হইতে শ্রোণিতস্রাব হইতে দেখা যায় নাই। দেহের অন্য কোন স্থানে কোনরূপ আঘাতের চিহ্ন দেখা যায় নাই। অন্তরেন্দ্রিয়-সমূহে রক্ত জমাট বাঁধিয়া গিয়াছিল। পাকস্থলীতে কোনরূপ গন্ধবিযুক্ত স্বল্প আম বর্ত্তমান। বস্ত্র গলদেশ সম্পূর্ণরূপে বেষ্টন করিয়া শ্বাসনালী রোধ করায় এই স্ত্রীলোকটির মৃত্যু সংঘটিত হইয়াছে। এক কথায় বলিতে হইলে শ্বাসরোধই ইহার মৃত্যুর কারণ। যদি এই স্ত্রীলোকটিকে প্রথমে কেবল হাত দিয়া গলা টিপিয়া ধরিয়া পরমুহূর্ত্তে বস্ত্র দ্বারা বন্ধন করা হইত, তাহা হইলেও শবব্যবচ্ছেদের সময়ে পূর্ব্ববর্ণিত অন্য কোন চিহ্ন পাওয়া সম্ভবপর হইত না। পূর্ব্ববর্ণিত উপায়ে যদি কোন স্ত্রীলোককে মৃত্যুপথের পথিক করা যায়, তাহা হইলে তাহার মৃত্যু ৫ মিনিট সময়ের মধ্যে সাধিত করা যায়।

গত ১৯১৯ খৃষ্টাব্দের ৯ই সেপ্টেম্বর তারিখে মহম্মদ খান্ নামক জনৈক জমাদার কর্তৃক সনাক্ত ত্রিংশদ্‌বর্ষীয়া স্বকুমারী-নাম্নী জনৈকা বারবণিতার মৃতদেহ পরীক্ষা করিয়াছিলাম। শাড়ীর অঞ্চলভাগ দ্বারা তাহার গ্রীবাদেশ সম্পূর্ণরূপে বেষ্টিত এবং নিম্ন-চোয়ালের বামপ্রান্ত বরাবর উহার গ্রন্থি বিদ্যমান ছিল। উক্ত বন্ধনমোচনের পর দেখা গেল যে, একটি প্রশস্ত ঘর্ষণের চিহ্ন গলদেশ বেষ্টন করিয়া রহিয়াছে। এই চিহ্ন কেবলমাত্র গ্রীবাদেশের উভয়পার্শ্বে ও সম্মুখভাগে বিদ্যমান, কিন্তু পশ্চাদ্ভাগে এই চিহ্ন অত্যন্ত অস্পষ্ট। শাড়ীটির এক প্রান্ত মৃতার কটিদেশ হইতে আরম্ভ করিয়া বামস্কন্ধ পর্য্যন্ত বেষ্টন করিয়া রহিয়াছে এবং অপর প্রান্তটি গ্রীবাদেশকে বেষ্টন করিয়া রহিয়াছে। নাসারন্ধ্রের ভিতর শুষ্ক শোণিত এবং দক্ষিণ বাহুর পশ্চাদ্ভাগে একটি পুরাতন ক্ষত বিদ্যমান।

শ্বাসনালী এবং তাহার শাখাপ্রশাখার মধ্যে শুষ্ক শোণিত বিদ্যমান। পাকস্থলীতে শোণিত এবং কোনরূপ উল্লেখযোগ্য গন্ধবিযুক্ত অপরিপক্ক অন্ন, ডাল, মাংস, ডিম্ব, লঙ্কা এবং ব্যঞ্জনাদি সঞ্চিত ছিল না। শ্বাসরোধেই এই স্ত্রীলোকের মৃত্যু হইয়াছে। এই ঘটনার উপর আমার পূর্ব্ববর্ণিত মন্তব্য বহাল রাখিলাম।

গত ১৯১৯ খৃষ্টাব্দের ৫ই ডিসেম্বর তারিখে আলী মহম্মদ খাঁ নামক কনষ্টেবলের সনাক্তে ত্রয়োবিংশবর্ষীয়া সুবাসিনী দাসী নাম্নী জনৈকা বার-বণিতার মৃতদেহ পরীক্ষা করিয়াছিলাম। ইহার শরীরের গঠন মধ্যম প্রকারের। দেহটি পরীক্ষায় দেখা গেল যে, মৃতার মুখটি একটি তোয়ালের দ্বারা আচ্ছাদিত এবং গ্রীবাদেশ শাড়ীর প্রান্তভাগ দ্বারা বেষ্টন করা এবং গ্রীবার-পুরোভাগে উক্ত বেষ্টনীর গ্রন্থিটি বিদ্যমান। গ্রীবার দক্ষিণ পার্শ্বে চারিটি আঁচড়ের চিহ্ন বর্ত্তমান এবং বামপার্শ্বে উক্ত প্রকারের পাঁচটি চিহ্ন বিদ্যমান। ঐ চিহ্নগুলি এত ক্ষুদ্র যে, উহার মাপ লওয়া একরূপ অসম্ভব। ত্বকের উক্ত চিহ্নে জমাট রক্ত দেখা গেল। বক্ষঃস্থলের বামপার্শ্বে আর একটি আঁচড় হইতে রক্তমোক্ষণ হইয়াছিল দেখা গেল। অন্তরেন্দ্রিয়গুলিতে শোণিত সঞ্চিত রহিয়াছে। পাকস্থলীতে দুই আউন্স-পরিমিত গন্ধহীন হরিদ্রাবর্ণের ঘন পদার্থ ছিল। শ্বাসরোধে ইহার মৃত্যু হইয়াছে। সম্ভবতঃ এই ঘটনায়ও স্ত্রীলোকটির গ্রীবাদেশ পেষণে এবং বন্ধনে মৃত্যু হইয়াছে এবং পরে তাহার গ্রীবাদেশে শাড়ীর প্রান্তভাগ বাঁধিয়া দেওয়া হইয়াছিল। মৃত্যুর অব্যহিত পূর্ব্বে যদি কেহ সুরা পান করে, তাহা হইলে শবব্যবচ্ছেদকালীন সেই সুরার গন্ধ পাকস্থলীতে সকল সময় বিদ্যমান থাকে না।

স্বাক্ষর—এস, পি, সিংহ।"

এই ঘটনায় যে আসামীকে মুক্তি দেওয়া হইয়াছিল, তাহার জবান-

বন্দি নিম্নে লিখিত হইল। তাহাব জবানবন্দি হইতে স্পষ্ট বুঝা যায়—ঘটনাটি কিরূপ।

নাম—জ্ঞা'নন্দ্রচন্দ্র ভৌমিক ওরফে জয়ন্তীকুমাব ভৌমিক। আমি ২৬ নং হাটখোলায় থাকি, বর্ত্তমানে আমি বেকার।

১ নং আসামী লালমোহন কর্ম্মকারকে প্রায় ৭।৮ বৎসর যাবৎ জানি। সে তারক চট্টোপাধ্যায়ের গলিতে থাকে এবং সোনারূপাব কার্য্য কবে। ১৩ নং দুর্গাচরণ মিত্রের ষ্ট্রীটে (সোনাগাছি) তাহার দোকান। সন ১৩২৪ সাল হইতে আমি ২ নং আসামী শচীনন্দন সাহাকে জানি। পূর্ব্বে সে ১৩ নং অভয়চন্দ্র মিত্র ষ্ট্রীটে থাকিত, কিন্তু বর্ত্তমানে সে ঢাকা জেলার অন্তর্গত তেবশ্রী গ্রামে বাস কবে। সে আমায় বলিয়াছিল যে, সে কোন পাট-ব্যবসায়ীর অধীনে চাকুরী কবে। আমি প্রবেশিকা ক্লাস পর্য্যন্ত পড়িয়াছি। ঢাকা জিলাব অন্তর্গত তেজপুর গ্রামে আমাব বসতবাড়ী। প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইতে না পারায় এবং গ্রামে কোন একটি ফৌজদাবী মামলায় জড়িত হওয়ায়, আমি সে স্থান হইতে কলিকাতায় পলায়ন করিয়া আসি এবং এ স্থানে (কলিকাতায়) কার্য্যানু-সন্ধানে ঘুরিতে ঘুরিতে আমাব সহিত ১ নং আসামীর, তাহার সেই সময়কার ৭১।১ নং বেণিয়াটোলাস্থিত দোকানে সাক্ষাৎ হইল। সে বলিল যে, সে আমার পিতাকে ভালরূপ জানে; তিনি একজন ডাক্তার। তাহার বাটী আমার স্বগ্রাম হইতে দুই মাইল দূবে ঢাকা জিলাব অন্তর্গত দানিয়াপুৎ গ্রামে। সে আমাকে আশ্রয় ও আহারাদি দিয়াছিল। আমি প্রায় দুইমাসকাল তাহাব সহিত অতিবাহিত করিয়াছিলাম। কুমারটুলীতে জনৈক ইষ্টক-ব্যবসায়ীর অধীনে আমি একটি কাজেব যোগাড় করিয়াছিলাম। তথায় ফরিদপুর নিবাসী পূর্ণচন্দ্র বিশ্বাসের সহিত আমার সাক্ষাৎ হইয়াছিল। এই লোকটি একটি বারবণিতার

গৃহে থাকিত। তথায় আর একটি বারবণিতার সহিত আমার সাক্ষাৎ হইয়াছিল; আমি তাহার ঘরে যাতায়াত করিতে লাগিলাম। পূর্ণর অনুরোধ ঐ চাকুরীতে ইস্তফা দিলে, সে অন্য স্থলে আমায় আর একটি কার্য্যে বাহাল করিয়া দিল। সেই সময়ে অর্থাৎ বর্ত্তমানকাল হইতে প্রায় ৬।৭ বৎসর পূর্ব্বে আমি ১ নং আসামী লালমোহনের নিকট ফিরিয়া যাই। লালমোহন মুর্শিদাবাদের কোন এক জন রাজার ষ্টেটে আমার একটি চাকুরীর যোগাড় করিয়া দেয়। প্রায় এক বৎসর পরে নায়েবের সহিত আমার মনোমালিন্য হওয়ায় আমি ঐ চাকুরী ছাড়িয়া দিই এবং কলিকাতায় ফিরিয়া আসি। লালমোহনও ঠিক ঐ সময়ে সেখানে গিয়াছিল এবং আমরা কলিকাতায় চলিয়া আসার পর সে-ও ফিরিয়া আসে। আমি নূতন কার্য্যানুসন্ধানের জন্য নানাস্থানে যাইতে লাগিলাম। কৃষ্ণনগর হইতে কলিকাতায় আসিবার সময় আমি একটি স্ত্রীলোককে আনিয়াছিলাম এবং আমাদের জীবিকা-নির্ব্বাহের জন্য তখন চুরি করিতে লাগিলাম। প্রায় ৩ বৎসর পূর্ব্বে কলুটোলা থানা হইতে চৌর্য্য অপরাধে অভিযুক্ত হইয়া ৬ মাস যাবৎ কারাবাস করি। কারাগার হইতে মুক্ত হইয়া আমি সেই স্ত্রীলোকটির নিকট ফিরিয়া আসি – তাহার নাম সত্যবালা। আমাদের জীবিকা-নির্ব্বাহের জন্য আমি অন্যান্য লোকের নিকট হইতে ধার করিতে আরম্ভ করি। প্রায় ৬ মাস পরে হঠাৎ এক দিন লালমোহনের সহিত রাস্তায় দেখা হইল এবং সে আমাকে তাহার সোনাগাছিতে দোকানের কথা বলিলে আমি সেখানে তাহার সহিত দেখা করিতে আরম্ভ করিলাম। ইতিপূর্ব্বে সত্যবালা আমাকে ত্যাগ করিয়াছিল এবং সেই সময় হইতে চিৎপুর রোডে সরোজিনী নামে একটি স্ত্রীলোককে রক্ষিতা হিসাবে রাখিয়া বসবাস করিতেছিলাম। এক দিন লালমোহনকে আমি তথায় লইয়া আমার জীবনের ইতিহাস ও

শরৎচন্দ্রের সহিত বন্ধুত্ব স্থাপন করিলাম। এক দিন শরৎ আমাদিগকে মাটিন কোম্পানীর কর্ম্মচারীর নিকট হইতে টাকা লুঠ করিবার কথা উত্থাপন করিলে আমি অস্বীকৃত হইলাম, কিন্তু লালমোহন ইহাতে ইচ্ছা প্রকাশ করিল। তাহার পর ঠকানর অন্য এক প্রস্তাব উত্থাপিত হইল কিন্তু তাহাও বাতিল হইল। তাহার পর ১০।১২ দিন পরে লালমোহন ও শচীনন্দন একসঙ্গে আমার বাসায় আসিয়াছিল এবং শচীনন্দন বন্দুক এবং রিভালবার সহযোগে ডাকাতি করার প্রস্তাব করিল। আমি বলিলাম, তাহারা যদি সে সকল যোগাড় করিতে পারে, তাহা হইলে আমার কোন আপত্তি নাই। পরদিন তাহারা পুনরায় আমার নিকট আসিয়া বলিল যে, তাহারা পূর্ব্বাপেক্ষা অনেক সহজ উপায় স্থির করিয়াছে এবং সেই উপায়টি এই যে, আমরা সকলে মিলিয়া বেশ্যার গৃহে যাইয়া তাহাদিগকে বিষপ্রয়োগে হত্যা বা অচৈতন্য করিয়া তাহাদিগের সমস্ত অলঙ্কার অপহরন করিব। আমি ইহাতে সম্মত হইলাম এবং শচীনন্দন গঙ্গাধর প্রামাণিকের ঔষধালয় হইতে মর্ফিয়া যোগাড় করার ভার গ্রহণ করিল। পরদিন তাহারা পুনরায় আমার নিকট আসিল। শচীনন্দনের নিকট দুটি শিশি ছোট গুলীতে ভর্ত্তি ছিল। সে বলিল যে, এই গুলী মদের সহিত মিশ্রিত করিয়া স্ত্রীলোককে উহা খাওয়াইয়া অজ্ঞান করা হইবে। আমি জিজ্ঞাসা করিলাম যে, এ সব হাঙ্গামা পোয়ায় কে? ইহাতে লালমোহন স্বীকৃত হইল। তাহার পর তাহারা শিকার অনুসন্ধানে বহির্গত হইল। এ পর্য্যন্ত এ সকল বিষয়ে আমি ইতস্ততঃ করিতেছিলাম, কিন্তু শেষে ঐ দলে যোগ দেওয়া স্থির করিলাম। পরদিন সন্ধ্যার সময় তাহারা আমার নিকট আসিল। তখন সম্ভবতঃ সন ১৩২৪ সালের শ্রাবণ মাস; আমি তাহাদের সহিত ফুলবাগানে সরলা নামে এক বেশ্যার নিকট গিয়াছিলাম। মদ আমাদের সঙ্গে ছিল, এবং সেই

মদ আমরা চারজন মিলিয়া পান করিলাম। স্ত্রীলোকটিকে মদ দিবার সময় একবার চারজন মিলিয়া পান করিলাম। স্ত্রীলোকটিকে মদ দিবার সময় একবার এক গ্লাসের ভিতর শচীনন্দন দুইটি গুলী মিশাইয়া দিল। কিন্তু তাহাতে সামান্য ক্রিয়া দেখা গেল। ইহা দেখিয়া আমি শচীকে আরও বেশী গুলী মিশাইয়া দিতে বলিলাম। উহাতে লালমোহনও সম্মত হইল। রাত্রি প্রায় ১টার সময় ঐ বেশ্যাটি বড় চঞ্চল হইয়া উঠিল; তবে তাহার জ্ঞানলোপ হয় নাই। সুতরাং আমাদের মতলব ফলদায়ক হইল না। শেষে আমরা চলিয়া আসিলাম। পরদিন রাত্রিতে আরও অধিক গুলী মিশাইয়া সরলাকে মদ্য পান করান হইবে, এই স্থির করিয়া পুনরায় সরলার গৃহে যাইলাম। কিন্তু সে রাত্রিতে সরলা আমাদিগকে গৃহে প্রবেশ করিবার অনুমতি দেয় নাই। পুনরায় আমরা পরদিন রাত্রিতে সরলার নিকট গিয়াছিলাম, আরও অধিক গুলী মিশাইয়া তাহাকে মদ্য পান করাইয়া ছিলাম, কিন্তু সেবারেও আমরা অকৃতকার্য্য হইয়া প্রত্যাবর্ত্তন করিলাম। আমরা শুধু যে সরলাকেই মদের সহিত গুলী মিশাইয়া পান করাইয়াছিলাম, তাহা নহে, আরও ১০।১২টি বারাঙ্গনার উপর গুলী প্রয়োগ করিয়াছিলাম, কিন্তু দুর্ভাগ্যবশতঃ সর্ব্বত্রই বিফলমনোরথ হইয়া আমাদের ফিরিতে হইয়াছে। কারণ, ঐ গুলীর প্রয়োগে মনোমত ফল কাহারও উপর পাওয়া যায় নাই।

ক্রমে লালমোহন বিরক্ত হইয়া উঠিতে লাগিল। কারণ, এ পর্য্যন্ত সমস্ত খরচ লালমোহনকেই করিতে হইতেছিল। পরে পরামর্শ করিয়া আর একবার ঐ গুলী প্রয়োগ করিয়াছিলাম, কিন্তু সেবারেও পূর্ব্বেরই মত ফল হইল; অর্থাৎ সেটিও ফলদায়ক হইল না। তাহার পর আমরা পরস্পর মিলিয়া এক দিন এই স্থির করিলাম যে, যখন গুলী মদের সঙ্গে মিশাইয়া বহুবার পান করাইয়া কোন ফল হইল না, তখন এবার

তাহাকে খুব মদ খাওয়াইয়া মাতাল করিয়া তাহার গলা টিপিয়া মারিয়া ফেলাই ভাল। এই উপায়টি উদ্ভাবন করিল লালমোহন, তবে সে আমাদের নিকট প্রস্তাব করিলে আমরা তাহার প্রস্তাবে সম্মতি জ্ঞাপন করিয়াছি।

ইহার ২ দিন পরে লালমোহন ও শচীনন্দন আমার নিকট আসিয়া আমাকে ব্রজদুলাল ষ্ট্রীটে লইয়া গেল। যখন ব্রজদুলাল ষ্ট্রীটে যাই, তখন সন্ধ্যা হইয়া গিয়াছে, রাত্রি প্রায় ৮টা। আমরা সকলে দুলালী বলিয়া একটি বেশ্যাকে মনোনীত করিয়া তাহারই গৃহে প্রবেশ করিলাম। কিছু-ক্ষণ আলাপ ও আনন্দের পর আমরা একসঙ্গে মদ্যপান করিলাম এবং আরও একটি গ্ল্যাসে আরও দুটি গুলী মিশাইয়া রাখা হইল। মদ্যপান করিবার কিছুক্ষণ পরে দুলালী বড়ই ছট্‌ফট্ করিতে লাগিল, উদ্দাম ও চঞ্চল হইয়া উঠিল এবং আমাদের নিকট তাহার যে ঠিকা টাকা পাওনা ছিল, তাহার জন্য পীড়াপীড়ি করিতে লাগিল। তখন ননীবালা ও অন্য এক জন বেশ্যা আসিয়া আমাদিগকে একটি শূন্য ঘরে বসাইয়া বাহির হইতে তালা বন্ধ করিয়া রাখিল। সমস্ত রাত্রিটা ত আমাদের সেই ঘরে কাটিল; ভোরবেলা তাহার প্রাপ্য টাকা তাহাকে দিয়া আমরা ঐ আবদ্ধ গৃহ হইতে খালাস পাইলাম; খালাস পাইয়া আমরা চলিয়া আসিলাম। সে দিন চলিয়া আসিয়া পুনরায় বৈকালে আমরা বাহির হইয়া আপার চিৎপুর রোডে মানদা নামে একটি বেশ্যাকে পছন্দ করিলাম; অবশ্য তাহার শারীরিক সৌন্দর্য্যের দিক হইতে হউক বা নাই হউক, তাহার গায়ে যে মহামূল্য গহনাদি ছিল, তাহাই আমাদের দৃষ্টি আকর্ষণ করিয়াছিল এবং সেই জন্যই আমরা মানদাকে পছন্দ করিয়া তাহার ঘরে যাইয়া বসিলাম। কিন্তু সে দিন আমাদের সঙ্গে কোন গুলী ছিল না। আমরা সকলেই যথেষ্ট মদ্যপান করিয়াছিলাম, কিন্তু আমাদের

মতলব অনুযায়ী কোন কর্ম্মই করি নাই, পরদিন রাত্রিতেও আমরা সকলে মিলিয়া তাহার নিকট গিয়াছিলাম, কিন্তু সে রাত্রিতেও পূর্ব্বরাত্রি মত কেবল মদ্যপানেই কাটিল। ঐরূপে পরে আমরা আরও ৪।৫ রাত্রি তাহার নিকট গিয়াছিলাম এবং মদ্যপানও করিতাম। শেষে এক দিন লালমোহন বলিল যে, "আমি এইরূপে কত দিন অর্থব্যয় করিব, তোমাদের কি বল, তোমাদের ত অর্থব্যয় করিতে হইতেছে না, যার পকেটে হাত পড়ে, সেই বোঝে অর্থের কি মূল্য। আমি এরূপভাবেই আমার অর্থ 'ন হোমায় ন যজ্ঞায়' ব্যয় করিতে পারি না।" যখন আমরা দেখিলাম যে, লালমোহন তাহার অর্থব্যয়ের জন্য বড়ই বিরাগ প্রকাশ করিতেছে, তখন আমরা আমাদের উদ্ভুত উপায়ের সম্যক্ ব্যবহারে কৃত-সঙ্কল্প হইলাম। তখন ১৩২৪ সাল, ভাদ্র মাস। তারিখটা সঠিক আমার স্মরণ নাই, তবে রাত্রি সাড়ে ৮টার সময় আমরা কয়জনে মিলিয়া আমাদের সেই মানদার গৃহে প্রবেশ করিলাম; প্রবেশ করিবার পূর্ব্বে ঠিক করিয়াছিলাম যে, শচীনন্দন তাহার কণ্ঠদেশ সজোরে চাপিয়া ধরিবে, লালমোহন তাহার পা'দুটি খুব কসিয়া ধরিবে এবং আমি তাহার গলার ভিতর কাপড় পুরিয়া দিব। লালমোহন বাবু সাজিল, শচীনন্দন এবং আমি লালমোহনের বন্ধু ও অর্থরক্ষক হইলাম। রাত্রি ১০টা পর্য্যন্ত মদ খাইতে লাগিলাম। তখন দেখিলাম যে, সেই বাটীতে অন্য একটি গৃহে পুলিস আসিয়াছে। আমরা বাটী হইতে বাহিরে আসিবার প্রয়াস করিলাম, কিন্তু পুলিস আমাদিগকে আসিতে দিল না, বলিল, "তোমাদিগকে আমাদের এই তল্লাসের সাক্ষী হইতে হইবে।" পুলিস আমাদের নাম জিজ্ঞাসা করিল, আমরা সকলেই মিথ্যা নাম দিলাম। শচীনন্দনকে ঐ বাটীর কতক লোক চিনিত বলিয়া সে আমাদের অপেক্ষা কিছু বিলম্বে আসিত। পুলিসের সেই তল্লাসে

কেবল আমিই একা সাক্ষী দিলাম। পুলিস তন্ন তন্ন করিয়া ঘরখানি, অনুসন্ধান করিয়া প্রায় মধ্যরাত্রিতে চলিয়া গেল। তাহার পর আমি মানদার গৃহে ফিরিয়া আসিয়া দেখি যে শচীনন্দন ও লালমোহন তখনও বসিয়া আছে। সে দিন রাত্রিতেও আমরা প্রাণ ভরিয়া মদ্যপান করিলাম, তবে আমাদের আসল উদ্দেশ্য-সাধনের কোন কিছুই হইল না। পরে উপর্য্যুপরি আরও দুই রাত্রি আমরা তাহার নিকট গিয়াছিলাম, কিন্তু আমাদিগকে তাহার বাটির সদর-দরজা হইতেই ফিরিতে হইত, কারণ, তাহার সদর-দরজা সর্ব্বদাই তালা-বন্ধ থাকিত। এইরূপ দেখিয়া লাল-মোহন একটি চাবি ঠিক করিল, চাবিটি জোগাড় করিবার পর আমরা পুনরায় এক দিন সন্ধ্যা ৭টা ৮টার সময় মানদার নিকট যাইলাম। মানদাকে লইয়া একসঙ্গে মদ্যপান করিতে লাগিলাম। রাত্রি প্রায় ৯টার সময় একটি বৃদ্ধ আসিয়া আমাদের নাম জিজ্ঞাসা করিল। আমরা তাহাকে আমাদের ঠিক নাম না বলিয়া অন্য নামে পরিচয় দিলাম। মানদা বলিল যে, আমাদের পিতামহের মত বার্দ্ধক্যগ্রস্ত ও পক্ককেশযুক্ত যে ভদ্রলোকটি তাহার নিকট আসিয়াছিল, তিনি মানদার প্রেমের পুরাতন কাঙ্গাল। রাত্রি সাড়ে ৯টার সময় মানদার সেই পুরাতন বৃদ্ধ খরিদ্দারটি চলিয়া গেল। তখন আমরা আবার মদ্যপান স্থরু করিলাম, রাত্রি প্রায় ২টা পর্য্যন্ত মদ্যপান চলিল। তাহার পর শচীনন্দন সহসা উঠিয়া মানদার গলদেশ টিপিয়া ধরিল, লালমোহন তাহার পা'দুটি সবলে ধরিয়া রহিল, আমি মানদার মুখের ভিতর তাহারই পরণের সাড়ী পুরিয়া দিলাম। মানদা ১০।১২ মিনিটের মধ্যে ইহলীলা সংবরণ করিল। তখন আমরা তাহার দেহ হইতে চুড়ি, রুলি, মাকড়ি, তাগা, নেকলেস্ প্রভৃতি একে একে খুলিয়া লইলাম। গহনাদি খুলিবার পূর্ব্বে আমরা মানদার গলদেশ বস্ত্র দিয়া সজোরে বাঁধিয়া রাখিয়াছিলাম, যাহাতে

সে আর কোনরূপে বাঁচিয়া উঠিতে না পারে। গহনাদি লইবার পর লালমোহনের সেই চাবিটি দিয়া সদর দরজা খুলিয়া চম্পট দিলাম। গহনাগুলি সমস্তই লালমোহনের সঙ্গে রহিল। শচীনন্দন তাহার বাসার দিকে চলিয়া গেল, লালমোহন এবং আমি দুই জনে কলুটোলায় লালমোহনের এক আত্মীয় হরেন্দ্রলাল কর্ম্মকারের দোকানে আসিলাম। যখন হরেন্দ্রের দোকানে আসিলাম, তখন প্রায় ভোর; দোকানে আসিয়া সেখানকার লোকজনের ঘুম ভাঙ্গাইয়া তুলিলাম; হরেন্দ্রের ভ্রাতুষ্পুত্র গয়া আসিয়া গহনাগুলি কতকাংশ গলাইয়া ফেলিল। বাকী গহনাগুলি লালমোহনই লইয়া গেল। গয়া যে গহনাগুলি গলাইল, তাহা ওজনে প্রায় সাড়ে ১৮ ভরি হইবে; লালমোহনের অনুরোধে হরেন্দ্র কর্ম্মকার ঐ সোনা ৭০৮৲ টাকায় বিক্রয় করিয়া দিল; পথে আমাকে দুই শত টাকা দিয়া বাকী সমস্তই লালমোহন লইল। হরেন্দ্রকে লালমোহন বলিল যে, ঐ স্বর্ণ লালমোহনের এক খরিদ্দারের। এই ঘটনার পর প্রায় এক মাস আমরা চুপচাপ রহিলাম। এক মাস অতিবাহিত হইবার পর আমরা আরও বেশ্যার নিকটে যাতায়াত করিতাম এবং তাহাদের উপরেও ঐ পদ্ধতি প্রয়োগ করিয়াছিলাম; কিন্তু কোথাও আমাদের উদ্দেশ্য ফলবান্ হয় নাই। মানদাকে হত্যা করিবার দুই মাস পরেই শচীনন্দন দেশে চলিয়া গেল। শচীনন্দন চলিয়া যাইবার পরেও আমরা কোন কোন বেশ্যার নিকট যাইতাম, কিন্তু আমাদের মনোমত উদ্দেশ্য অনুসরণ করি নাই। এক দিন রাত্রিতে লালমোহন এবং আমি ঢাকাপটীতে সুরবালা নামে এক বেশ্যার নিকট যাইলাম। প্রায় ১৫।১৬ রাত্রি যাতায়াতের পর তাহাকেও হত্যা করিলাম। সেবারে আমি বাবু সাজিলাম এবং লালমোহন আমার কেশিয়ার হইল। হত্যার দিন রাত্রি ৯টা পর্য্যন্ত আমরা সকলে মিলিয়া

একসঙ্গে মদ্যপান করিলাম, সেই সময় এক জন বাবু মোহিনীনাম্নী তাহার রক্ষিতাকে সঙ্গে করিয়া আমাদের নিকট আসিল; সুতরাং তাহাদিগকে লইয়াও আমরা রাত্রি ২টা পর্য্যন্ত আরও মদ্যপান করিতে লাগিলাম। প্রায় রাত্রি ২টার সময় মোহিনীকে সঙ্গে লইয়া তাহার বাবুটি চলিয়া গেল; যখন মোহিনী চলিয়া যায়, সুরবালা আপনার তুগাছি অনন্ত মোহিনীর নিকট দিল। মোহিনী চলিয়া যাইবার পর আমরা ৩ জনে আরও কিছুক্ষণ আমোদ-প্রমোদ করিতে লাগিলাম। আমোদ আহ্লাদে কিছুক্ষণ কাটিবার পর লালমোহন সুরবালার গলা টিপিয়া ধরিল, আমি তাহার মুখের ভিতর কাপড় গুঁজিয়া দিলাম, সুরবালা কিছুক্ষণ ধস্তাধস্তি করিয়া মরিয়া গেল। যখন দেখিলাম, সুরবালা মরিয়া গিয়াছে, আমি তাহার গলায় একখানি কাপড় খুব জোরে বাঁধিয়া দিলাম, পরে সুরবালার আলমারি হইতে তাহার আরও অনেক গহনা লইয়া সরিয়া পড়িলাম। লালমোহনের বাড়ী যাইয়া গহনাগুলি ওজন করাইয়া লালমোহনের নিকটেই রাখিয়া আসিলাম। সুরবালার আলমারি হইতে আমরা যে সব গহনা চুরি করিয়াছিলাম, তাহার সহিত নগদ ২৪৲ টাকা ও ১৬ খানি মোহর ছিল। লালমোহন আমাকে নগদ ১৩৲ টাকা ও ৭ খানি মোহর দিল। দু তিন দিন পরে গহনাগুলি বিক্রীত হইলে, লালমোহন আরও ৪ শত ৫০ টাকা দিল। এই অর্থ পাইবার দুই দিন পরে আমি সরোজিনীকে লইয়া কলিকাতা হইতে নবদ্বীপ পলাইলাম। নবদ্বীপে আমি প্রায় এক মাস ছিলাম, সেই সময় লালমোহনের সহিত আমার চিঠিপত্র চলিত। পরে লালমোহনের কথামত আমি নবদ্বীপ হইতে কলিকাতায় ফিরিয়া আসিলাম এবং হাড়কাটা লেনে একটি বাসা লইলাম। তাহার পর শচীনন্দনের নিকট হইতে লালমোহন চিঠি পাইল, লালমোহন আমাকে লইয়া শচীনন্দনের

দেশে যাইল ; সেখানে প্রায় ৮।৯ দিন অবস্থান করিয়াছিলাম। সেখানে থাকিবার সময় আমরা আর এক নূতন মতলব স্থির করিলাম যে, দেখিতে হইবে, কলিকাতার বাহিরে আমাদের পূর্ব্ববৎ কোন কার্য্য এরূপভাবে বেশ্যাদের উপর চালাইতে পারা যায় কি না ? শচীনন্দনের নিকট হইতে দশ টাকা লইয়া লালমোহন এবং আমি নারায়ণগঞ্জে যাইলাম। শচীর জন্য আমরা ৭।৮ দিন অপেক্ষা করিবার পর লালমোহন এবং আমি মুক্তা নামে কোন বেশ্যাকে খুন করিয়া তাহার সমস্ত গহনা আত্মসাৎ করিয়া সকলে মিলিয়া কলিকাতায় চলিয়া আসিলাম। তখন শীতকাল, ১৩২৪ সাল। লালমোহন তাহার একখানি খাতায় সমস্ত খরচাই লিখিত। ইহার পর যাহাকে খুন করিয়াছিলাম, তাহার নাম কৃষ্ণা। সে বেণেটোলা ও চিৎপুরের মোড়ে থাকিত। সেই খুনের ভিতর আমরা তিন জনেই লিপ্ত ছিলাম। প্রায় এক মাস পূর্ব্বে শচীনন্দন কলিকাতায় আসিয়াছিল এবং ঐ খুনটি ১৩২৫ সালের জ্যৈষ্ঠ মাসে হইয়াছিল। লালমোহন আমাদিগকে সংবাদ দিল যে, কৃষ্ণার মূল্যবান্ অলঙ্কার আছে, কারণ, ঐ স্ত্রীলোকটি লালমোহনের খরিদ্দার ছিল। আমরা তিন জনে মিলিয়া পূর্ব্বের মত সন্ধ্যার সময় যাত্রা করিলাম। লালমোহন কৃষ্ণার নিকট আমাকে এক জন খুব ধনী ব্যক্তি বলিয়া পরিচিত করাইল। আমরা দু'তিন দিন ধরিয়া কৃষ্ণার কালোবরণে যত মোহিত হই বা না হই, তাহার নিকট যাতায়াত করিতে লাগিলাম। আমি তাহাকে আমার রক্ষিতা হিসাবে রাখিবার ভাণ করিলাম। যখন কৃষ্ণা দেখিল যে, আমি কৃষ্ণার রূপযৌবনে মুগ্ধ এবং আমি তাহার নিতান্ত অনুরাগী, তখন কৃষ্ণা আমাকে বলিল যে, বরাহনগরে তাহার যে চুড়ি বাঁধা আছে, অন্ততঃ সেগুলি যতক্ষণ না আমি টাকা দিয়া খালাস করিয়া তাহাকে আনিয়া দিতে পারি, ততক্ষণ সে আমার রক্ষিতা হইতে মোটেই রাজি নয়।

লালমোহনের পরামর্শ অনুসারে আমি তাহার চুড়ি খালাস করিয়া দিতে সম্মত হইলাম। পরদিন লালমোহন মনোমোহন সরকার নামে এক ব্যক্তিকে ৫০৲ টাকা দিয়া, কৃষ্ণার চুড়ি খালাস করাইয়া তাহাকে আনাইয়া দিল। যখন মনোমোহন চুড়িগুলি আনিয়া দিল, তখন বেলা সাড়ে ৪টা কি ৫টা হইবে। সেই দিনই বৈকালে আমরা কৃষ্ণার নিকট যাইয়া দেখিলাম যে, কৃষ্ণার গায়ে অন্যান্য অলঙ্কারাদির সহিত পূর্ব্বোক্ত চুড়িগুলিও শোভা পাইতেছে। কৃষ্ণা চুড়িগুলি পাইয়া বড়ই প্রীত; আমরা কৃষ্ণার আনন্দে আনন্দিত হইয়া রাত্রি ১০টা ১১টা পর্য্যন্ত প্রাণ ভরিয়া মদ্যপান করিলাম; সুধু মদ ভাল লাগিল না, তখন মদের সহিত কিছু মিষ্টান্নের অর্ডার হইল। কৃষ্ণা এক ভৃত্যকে ডাকিয়া কিছু খাবার আনিতে বলিল। আমি কৃষ্ণার হুকুম মত ভৃত্যকে লইয়া দোকানে গিয়া দোকানদারকে খুব উত্তম মিষ্টান্ন ও অন্যান্য খাদ্যাদি ঠিক ওজন করিয়া দিতে বলিলাম। খাবার আনিয়া কৃষ্ণার হস্তে দিলাম। রাত্রি প্রায় ১টা ১॥০টা পর্য্যন্ত প্রাণ ভরিয়া মদ্যপানের সহিত ঐ খাদ্যাদি আহার করিলাম; কৃষ্ণাই আমাদিগকে খাদ্যাদি সাজাইয়া দিল, এবং তাহাকে লইয়া একসঙ্গে আমরা খাইতে লাগিলাম। যখন একটু অবসাদ আসিল, তখন আমরা সকলেই শুইয়া পড়িলাম। সেই দিন কৃষ্ণা খুব অধিক পরিমাণে মদ্যপান করিয়াছিল। কিছুক্ষণ কৃষ্ণার ভাবগতিক দেখিয়া আমরা সকলেই তাহাকে হত্যা করিবার জন্য প্রস্তুত হইতে লাগিলাম। তার পর সুযোগ বুঝিয়া আমি তাহার গলা টিপিয়া ধরিলাম, লালমোহন তাহার মুখের ভিতর কাপড় দিয়া মুখ চাপিয়া রহিল, এবং শচীনন্দন তাহার পা চাপিয়া ধরিল; কিছুক্ষণ এইভাবে থাকিয়া কৃষ্ণার জীবন শেষ হইল। আমরা তখন তাহার অঙ্গ হইতে সমস্ত অলঙ্কারাদি লইয়া আসিলাম এবং প্রায় রাত্রি সাড়ে ৪টার সময় লালমোহনের দোকানে

যাইলাম। তখনই গহনাগুলি সেখানে ওজন করিয়া, শচীনন্দন এবং আমি দুই জনে তাহার দোকান হইতে চলিয়া আসিলাম। পরদিন লালমোহন আমাকে প্রায় ১ শত টাকা দিল। কৃষ্ণাকে হত্যা করিয়া আমরা যে ক্ষান্ত ছিলাম, এমন নহে, অন্যান্য বেশ্যার উপরও আমাদের উদ্দেশ্যসাধানের চেষ্টার ত্রুটি হয় নাই। দুলালী ও আরও কয়েক জনের উপরেও চেষ্টা করিয়াছিলাম। লালমোহন এবং আমি দুইজনে মিলিয়া এক দিন রাত্রিতে চিৎপুর রোডের নগেন্দ্রবালাকেও হত্যা করিয়া চেষ্টা করিয়াছিলাম। নগেন্দ্রবালা চীৎকার করিলে অন্য লোকজন জমা হইল, তখন আমরা একটা অন্য কারণ দেখাইয়া সেই দিনকার মত তাহাদের নিকট হইতে রেহাই লইয়া পলাইয়া আসিয়াছিলাম। লালমোহন নগেন্দ্রবালার নেকলেস ছিঁড়িয়া লইয়াছিল, কিন্তু দেখি, সে নগেন্দ্রবালার শয্যার পার্শ্বেই রাখিয়াছিল; পাছে লোকজন তাহাকে ধরিয়া ফেলে, এই ভয়ে। তার পর যাহাকে খুন করা হয়, তাহার নাম ননীবালা, সে ব্রজদুলাল ষ্ট্রীটে থাকিত। তখন চৈত্র মাস, সংক্রান্তির কাছাকাছি। লালমোহন, শচীনন্দন এবং আমি তিন জনে মিলিয়াই তাহাকে হত্যা করি। ইহাকে হত্যা করিবার পূর্ব্বে আমরা কয়জন মিলিয়া ইহার বাটীতে তিন চার দিন গিয়াছিলাম। যে দিন তাহাকে হত্যা করি, তাহার ঠিক পূর্ব্বদিনে তাহার নিকট আমরা যাইলাম, এবং সেই দিন দিনের বেলায় এক জন গুণ্ডা আমাদের নিকট হইতে একটি মদের বোতল কাড়িয়া লইয়াছিল। ননীবালাকেও রাত্রি ২।৩টার সময় হত্যা করিয়া, সমস্ত গহনা লইয়া আমরা পলাইয়াছিলাম। ননীবালার অঙ্গ হইতে একগাছি চেনহার, সোনার পাতে মোড়া চিরুণী, মাথার সোনার ফুল, এক জোড়া সোনার তাগা, ৮ গাছি চুড়ি, মাথার সোনার টিকলি, দুটি আংটী, দুটি পার্শি ইয়ারিং এবং অন্যান্য বস্ত্র ও জামা তাহার

আলমারি হইতে লইয়া আমরা পলাইলাম। যাইবার সময় কাপড় প্রভৃতি আমি লইলাম ও অলঙ্কারাদি সমস্তই লালমোহন লইল। আমার নিকট একখানি বোম্বাই শাড়ী, তুইটি বডি জামা ও একটি আংটী ছিল, আমি ঐগুলি লইয়া আমার হাড়কাটা লেনের বাসায় আসিলাম! বাকি দ্রব্যাদি লালমোহন তাহার বাসায় লইয়া গেল এবং শচীনন্দন তাহার সঙ্গে সঙ্গেই চলিল। পরদিন আমি লালমোহনের নিকট আসিলে লালমোহন আমায় ১ শত টাকা দিয়া আরও দিবে অঙ্গীকার করিল। তার পর শচীনন্দনের নিকট যাইলাম, এবং শচীনন্দনকে লইয়া রামবাগানের সরোজিনীর নিকট যাইলাম। সরোজিনী ননীর হত্যাব্যাপার জানিত। আমি সরোজিনীর হাতে ঋপ্ করিয়া ৫৲ টাকা দিলাম, এবং আরও বলিলাম যে, শচী ও লালমোহন তোমাকে আরও ৫৲ টাকা করিয়া দিবে। পরে যে হত্যাটি করি, সেটি ভাদ্র মাসে, মাণিকতলা ষ্ট্রীটের সুকুমারীকে। সুকুমারীকে হত্যা করিবার পূর্ব্বে আমরা কুমারটুলীর কুসুমকুমারী ও চিৎপুর রোডের হরিমতিকেও হত্যা করিবার চেষ্টা করিয়াছিলাম, কিন্তু আমাদের সে চেষ্টা ব্যর্থ হইয়াছিল। লালমোহন এবং আমি দু জনে মিলিয়া আরও তুই এক জনের উপর আমাদের মতলব চালাইতে গিয়াছিলাম, কিন্তু উদ্দেশ্য সফল হয় নাই। আমি এবং লালমোহন নাথের বাগানের শেখপাড়ার চারুবালার নিকট গিয়াছিলাম, তাহাকে খুব মদ্যপান করাইয়া জ্ঞানলোপ করিয়া তাহার অঙ্গ হইতে একজোড়া অনন্ত খুলিয়া লইয়া আসিলাম। একগাছি তাগা লালমোহন লইল; আর একগাছি সে গালাইয়া সোনাটুকু ৭০৲ টাকায় বিক্রয় করিয়া আমাকে টাকাটি দিল। কুমারটুলীতে আমরা আর এক স্থানে হত্যা করিবার চেষ্টা করিয়াছিলাম। আমি সেখানে যাইয়া বাহিরে দাঁড়াইয়া রহিলাম, শচীনন্দন এবং লালমোহন তুই জনে মিলিয়া ঘরের

ভিতর যাইয়া তাহার গলা টিপিয়া ধরিল, কিন্তু তাহাদের চেষ্টা ব্যর্থ হইল। আমি ইন্‌স্পেক্টার সাহেবকে সমস্ত স্থানই দেখাইয়াছি। সুকুমারীকে হত্যা করিবার পূর্ব্বে শচীনন্দন ও লালমোহন কলিকাতা হইতে চলিয়া গেল, কলিকাতার বাহিরে হত্যা করিবে ও তাহাদের আরও সুবিধা হইবে এই আশায়। তাহারা ১০।১২ দিন পরে আবার কলিকাতায় ফিরিয়া আসিল। তাহার পর, লালমোহন এবং আমি দুই জনে মিলিয়া কুষ্টিয়ায় যাইলাম, যেখানে সরোজিনী ও তাহার এক জন ভগিনীকে আমরা হত্যা করিতে চেষ্টা করিয়াছিলাম, কিন্তু হত্যা করিতে পারি নাই। বিফল মনোরথ হইয়া আমরা কলিকাতায় ফিরিয়া আসিলাম। তাহার পর, সুকুমারীকে হত্যা করিবার প্রায় মাসখানেক পূর্ব্বেই আমরা নবদ্বীপ যাত্রা করিয়াছিলাম। সেখানে গিয়া সুকুমারীকে তাহার প্রেমিক ভোলানাথ দাসের সহিত দেখি। আমরা কিছুদিন নবদ্বীপে থাকিয়া কলিকাতায় ফিরিয়া আসিলে ভোলানাথ দাস আমাকে এক দিন সুকুমারীর গৃহে লইয়া গেল। পরদিন আমি লালমোহনকে সুকুমারীর নিকট লইয়া আসিলাম। উপর্যুপরি দুই তিন দিন ধরিয়া আমরা সুকুমারীকে দর্শন দিতে লাগিলাম। সুকুমারীর অঙ্গ অলঙ্কারে আবৃত ছিল; লালমোহন ইহাকে তাহার মনোমত শিকার বলিয়া আমাকে জানাইল, এবং ইহাকে হত্যা করিবে, এইরূপ স্থির করিবার জন্য আমাকে জিজ্ঞাসা করিল। প্রথমে আমি রাজি হই নাই। কিন্তু লালমোহন আমায় পীড়াপীড়ি করিতে লাগিল। তখন আমি রাজি হইয়া সুকুমারীকে বলিলাম যে, আমি তাহাকে আমার রক্ষিতা হিসাবে রাখিব। কিছুদিন আমরা আর সুকুমারীর নিকট যাই নাই; ইতিমধ্যে সে তাহার বাসা বদলাইয়া অন্য স্থানে চলিয়া গিয়াছিল। আমরা অনেক অনুসন্ধান করিয়া জানিলাম যে, সুকুমারী মাণিকতলায় উঠিয়া গিয়াছে।

এ সন্ধান ভোলানাথ দাসই আমাদিগকে আনিয়া দিল। লালমোহন এবং আমি দুই তিন দিন ধরিয়া সুকুমারীর নিকট যাইলাম। দুই তিন দিন ধরিয়া যখন তাহার নিকট যাই, অনাথ গাঙ্গুলী বলিয়া একটি লোক সেই সময় এক দিন আমাদের সহিত তাহার গৃহে গিয়াছিল। যে দিন আমরা সুকুমারীকে হত্যা করি, সে দিন খুব বর্ষা; লালমোহন এবং আমি দুই জনে রাত্রি ৯টার সময় সুকুমারীর গৃহে আসিয়া তাহাকে লইয়া যথেষ্ট মদ্যপান করি। প্রায় রাত্রি ২টা পর্য্যন্ত মদ্যপান করিলাম; সুকুমারী ঘুমাইয়া পড়িল। কিছুক্ষণ ধরিয়া যখন দেখিলাম যে, সে বেশ ঘুমাইয়াছে, তখন লালমোহন তাহার গলা টিপিয়া ধরিল এবং আমি তাহার মুখের ভিতর কাপড় গুঁজিয়া দিলাম। সে বহু চেষ্টা করিয়াও বাঁচিতে পারিল না, শেষে তাহার প্রাণনাশ ঘটিল। তখন আমরা তাহার সমস্ত অলঙ্কারাদি লইয়া পলায়ন করিলাম। পরদিন ওয়েলিংটন ষ্ট্রীটের উপর আমাদের দেশের এক জন কবিরাজ অন্নদাপ্রসাদ বাবুর ঔষধালয়েই আশ্রয় লইলাম। সেইখানে আমার রক্ষিতা সরোজিনী যাইয়া আমায় বলিল যে, লালমোহন ধরা পরিয়াছে। আমি সরোজিনীকে লালমোহনের বাসায় সন্ধান লইতে পাঠাইলাম। সে ফিরিয়া আসিয়া আমাকে কিছু কিছু সংবাদ দিল। অন্নদা কবিরাজের বাসায় প্রায় দুই মাস ছিলাম। সুকুমারীর হত্যার প্রায় ১০।১২ দিন পরে লালমোহন এক দিন আমায় অন্নদা কবিরাজের বাসায় দেখিয়াছিল এবং আমাকে বলিয়াছিল যে, সে জামিনে খালাস আছে। সে আমাকে এ স্থান হইতে পলাইতে বলিয়াছিল। ৫।৬ দিন পরে লালমোহনের সহিত আমার আর একবার দেখা হইয়াছিল। তখন আমি ফ্রী স্কুল ষ্ট্রীটে ইন্দ্রমোহন শাহার গদিতে থাকি। তখন লালমোহন আমাকে দেখিয়া বলিল যে, কালীঘাটে একটি খুব ধনী বেশ্যা আছে তাহাকে হত্যা করিবার জন্য আমার

সম্মতি জিজ্ঞাসা করিল। আমি তখন লালমোহনের কথায় ইতস্ততঃ করিতেছিলাম, কারণ, লালমোহন তখন জামিনে রহিয়াছে। কিছুক্ষণ ধরিয়া কথা-বার্ত্তার পর· আমি লালমোহনের সহিত একমত হইলাম। পরদিন লালমোহন অর্থ লইয়া আমার নিকট আসিয়া আমাকে লইয়া কালীঘাটে যাইল; কিন্তু সে দিন সে স্ত্রীলোকটির সহিত সাক্ষাৎ হইল না, সে বাহিরে গিয়াছিল। প্রায় মাসখানেক পরে আর এক দিন রাত্রিতে লালমোহনের সহিত কালীঘাটে ঐ স্ত্রীলোকটির উদ্দেশ্যে যাইলাম, যাইয়া দেখি যে, স্ত্রীলোকটি ঘরের মধ্যে বসিয়া আছে। আমরা মদ আনিতে বাহির হইলাম, ফিরিয়া আসিয়া আর এক জন বেশ্যাকে ধরিয়া ঐ বেশ্যাটির নিকট পৌঁছিলাম। আমরা দেখিলাম যে, সে দিন আমাদের উদ্দেশ্য কার্য্যে পরিণত করা সম্পূর্ণ অসম্ভব। আমাদের সঙ্গে সে দিন টাকা না থাকায় একটি আংটী তাহার নিকট জামিনস্বরূপ রাখিয়া আসিলাম। দুই এক দিন পরে আমরা আবার তাহার নিকট যাইয়া প্রথমে আমাদের ঐ আংটী টাকা দিয়া খালাস করিয়া লইলাম। তাহার পর আমরা যামিনীকে আমাদের শিকার বলিয়া সাব্যস্ত করিলাম। যামিনীর নিকট কিছু দিন যাইতে লাগিলাম, তাহার সঙ্গে মদ্যপানও করিতাম, এইরূপে কিছুদিন যাওয়া আসা চলিল। কিছুদিন পরে অষ্টমী কি নবমী পূজার দিন লালমোহন ও আমি দুই জনে পুনরায় যামিনীর নিকট যাইলাম। সে দিন রাত্রি ১টা ২টা পর্য্যন্ত মদ খাইলাম, যামিনীকেও খাওয়াইলাম, শেষে আমাদের উদ্দেশ্যমত যামিনী ঘুমাইলে তাহাকে হত্যা করিলাম। তাহাকে হত্যা করিয়া তাহার মাকৃড়ি, অনন্ত, তাগা, হার প্রভৃতি সমস্ত লইয়া বাহির হইয়া আসিলাম; আসিয়া দেখি, সদর-দরজা বন্ধ তখন মাটীর দেওয়াল দিয়া উঠিয়া রাস্তায় লম্ফ দিয়া নামিয়া পলাইলাম।·

আমি তাহার চিরুণী, ফুল লইয়াছিলাম; সেগুলি ইন্দ্রমোহন শাহাকে বিক্রয় করিয়াছি। সেইগুলি ত দেখিতেছি এই স্থানে হুজুরের টেবিলের উপর, এইগুলি পুলিস ইন্দ্রমোহন বাবুর নিকট হইতে পাইয়াছিল। কিছুদিন পরে লালমোহন আমাকে ৪১৲ টাকা দিল। প্রায় এক মাস দেড় মাস পরে এক দিন লালমোহনকে লইয়া রামবাগানের সুবাসিনীর নিকট যাইলাম। সুকুমারীকে হত্যা করিবার পূর্ব্বে দুই এক দিন তাহার নিকট গিয়াছিলাম, সেই জন্যই তাহাকে চিনিতাম; সুবাসিনীকে সেই রাত্রেই হত্যা করিলাম। লালমোহন পলাইবার জন্য তাহার সহিত এক-গাছি দড়ি ও কিছু বড় পেরেক লইয়াছিল, কারণ সদর-দরজা তালা বন্ধ থাকিত। রাত্রি প্রায় ৩টার সময় আমরা সুবাসিনীকে হত্যা করিলাম। আমরা তাহার রুলি, তোড়া, বিছা, ইয়ারিং, পার্শি, মাকড়ি এবং অন্যান্য দ্রব্য লইয়া ঐ পেরেক, রজ্জু ও একখানি কাপড়ের সাহায্যে দরজা বন্ধ থাকা সত্বেও পালাইয়া আসিলাম। আমরা ফ্রী স্কুল ষ্ট্রীটে চলিয়া আসিলাম, আসিয়া ইন্দ্রমোহন শাহার নিকট ঐগুলি বিক্রয় করিতে দিলাম। ইন্দ্রমোহন পায়ের তোড়া জোড়াটি ৪৪৲ টাকায় বিক্রয় করিয়া ঐ অর্থ আমাকে দিল। এ কথা আমি পুলিসকে বলিয়াছি। সেই তোড়া দুটি এই তোড়ারই মত, যাহা কোর্টে দেখিতেছি। তবে সেগুলি এত উজ্জ্বল নয়। এই হারটি দেখিতেছি, সেই বিছাটি, এই ত সেই রুলি জোড়া; ইন্দ্রমোহন আমাকে তখন বলিয়াছিল যে, তাহার বাবু বিপিন-বিহারী শাহা আমার নিকট টাকা পাইবে বলিয়া সেগুলি লইয়া রাখিয়া দিয়াছে, তাহাতে আমি লালমোহনকে সমস্ত বলিলাম; আমি লাল-মোহনকে এ কথা বলিলে, লালমোহন ইন্দ্রমোহনকে ভয় দেখাইল যে, সে তাহাকে ঠকাইবার জন্য তাহার উপর নালিশ করিবে। যাহা হউক, গহনাগুলি আর ফেরত পাওয়া গেল না। আমার সাক্ষাতে বিপিনবিহারী

বাবু পুলিসের নিকট সমস্তই হাজির করিল। শেষে আমরা যে সুবাসিনীকে হত্যা করিয়াছিলাম, এইখানি তাহার ফটো। সুবাসিনীকে হত্যা করিবার প্রায় এক মাস দেড় মাস পরে এক দিন মতি শীল ষ্ট্রীটের উপর দিয়া যাইবার সময় ইন্‌স্পেক্টার মহেন্দ্র বাবু আমায় গ্রেপ্তার করিলেন। গ্রেপ্তার করিয়া আমার নাম জিজ্ঞাসা করিলেন, আমি তাহাকে অন্য নামে পরিচয় দিলাম। আমাকে ধরিয়া লালবাজার থানায় লইয়া আসিলেন। তাহার পর এক দিন আমায় ইন্দ্রমোহন প্রভৃতি আরও ১০।১৫ জন লোকের ভিতর মিশাইয়া দিলে আমার এক ভাই এবং অন্যান্য সাক্ষী আমাকে চিনিয়া লইল। তখন ইন্‌স্পেক্টার বাবু আমাকে ডেপুটী কমিশনারের নিকট লইয়া আসিলেন, তাঁহার নিকটও আমি সমস্ত কথা খুলিয়া বলিলাম। কালীঘাটে এক ম্যাজিষ্ট্রেটের নিকট আমাকে লইয়া যাওয়া হইলে তাঁহার নিকটেও আমি যাহা করিয়াছিলাম, সমস্তই প্রকাশ করিলাম। ম্যাজিষ্ট্রেট সাহেব আমার বৃত্তান্ত শুনিয়া সমস্তই আমার কথামত লিখিয়া লইলেন। লিখিয়া আমায় পড়িয়া শুনাইলেন, আমি উহাতে আপনার নাম স্বাক্ষর করিয়াছি। এই বৃত্তান্ত সমস্ত যখন ম্যাজিষ্ট্রেট সাহেবের নিকট বলি, তখন এই একটি ভুল করিয়াছি, বলিয়াছি যে, সুরবালাকে কৃষ্ণার পর হত্যা করা হয়। ম্যাজিষ্ট্রেট সাহেবের নিকট যে সমস্ত কথা বলিয়াছি, সমস্তই স্বইচ্ছায় এবং আমাকে ম্যাজিষ্ট্রেট সাহেব সতর্ক করিয়া দিবার পর। সুকুমারীর অলঙ্কারের মধ্যে যে দুটি আংটী লইয়াছিলাম, সে দুটি ইন্দ্রমোহনের নিকট বাঁধা দিয়াছি, শেষের দুটি ১০৲ টাকায় তাহার নিকট বিক্রয় করিয়াছি। ঐ আংটী দুটির মধ্যে একটির ভিতর কৃষ্ণলাল মণ্ডল নাম লেখা ছিল এবং আর একটি পাথর-বসানো দুমুখো সাপ পেটার্ণের। ননীর আংটীটি হাড়কাটা লেনের প্রমদার নিকট বিক্রয় করিয়াছি।

